দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল

বৃহস্পতিবার
রেজিঃ নং-চ-৫১৩
১৫ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৭২
৩০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুর সদরের ১৪টি ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বার পদপ্রার্থীদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

জনগণের আস্থা অর্জন করতে পারলেই জনপ্রতিনিধি হওয়া যাবে

-------শেখ ফরিদ আহমেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদরের ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান, মেম্বার ও মহিলা মেম্বার পদে প্রার্থীদের জনগণের আস্থা অর্জন, দলীয় শৃঙ্খলা মেনে চলা এবং জনসেবার মানসিকতাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

তিনি বলেন, 'যারা জনগণের দোরগোড়ায় যেতে পারবেন, মানুষের পাশে দাঁড়াবেন এবং জনকল্যাণে কাজ করবেন, তাদেরই সমর্থন করা হবে। ব্যক্তিগত পছন্দ-অপছন্দের উর্ধ্বে উঠে দলীয় সিদ্ধান্ত মেনে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।'

বুধবার (১৪ অক্টোবর) বিকেল ৪টায় চাঁদপুর শহরের জেএম সেনগুপ্ত রোডের মুনিরা ভবনে চাঁদপুর সদরের সব ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বার পদপ্রার্থীদের সঙ্গে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শেখ ফরিদ আহম্মেদ মানিক আরও বলেন, 'আপনারা বিএনপি ও ধানের শীষকে ভালোবাসেন বলেই আমি সংসদ সদস্য নির্বাচিত হয়েছি। আমি আপনাদের সহযোগিতা করছি। তবে সবাইকে দলীয় শৃঙ্খলা মেনে চলতে হবে এবং জনগণের প্রত্যাশাকে গুরুত্ব দিতে হবে।'

প্রার্থী হওয়ার ক্ষেত্রে দলীয় বিধিনিষেধের বিষয়ে তিনি বলেন, ছাত্রদলের কেউ ● ২-এর পাতায় দেখুন

সৌদিগামী যাত্রীদের সমস্যা সমাধানে সরকারের হস্তক্ষেপ চাইলেন জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

সৌদি আরবগামী ৮৬টি ফ্লাইট বাতিল হওয়ায় অনিশ্চয়তায় পড়েছেন ১৩ হাজার ৪৯০ জন যাত্রী। সৌদি আরবের বিমানবন্দরগুলোতে সাম্প্রতিক নিরাপত্তাজনিত পরিস্থিতি ও বিধিনিষেধের কারণে এসব ফ্লাইট বাতিল করা হয়েছে। এর মধ্যে ৩৬টি সরাসরি এবং ৫০টি ট্রানজিট ফ্লাইট রয়েছে।

এ পরিস্থিতিতে ভোগান্তিতে পড়া যাত্রী ও প্রবাসী কর্মীদের সুরক্ষায় সরকারকে জরুরি কূটনৈতিক পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন, জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। বুধবার সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক বিবৃতিতে তিনি এ আহ্বান জানান।

সংশ্লিষ্ট সূত্রের তথ্যমতে, সৌদি আরবের রিয়াদ বিমানবন্দরে নিরাপত্তাজনিত ঘটনার পর বাংলাদেশ-সৌদি আরব রুটে বিভিন্ন এয়ারলাইনসের ফ্লাইট চলাচল ব্যাহত হচ্ছে। এতে সরাসরি ও ট্রানজিট ফ্লাইটের যাত্রীরা ভোগান্তিতে পড়েছেন। উদ্ভূত পরিস্থিতিতে ঢাকা থেকে রিয়াদগামী সব ফ্লাইট আগামী ১৭ অক্টোবর পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ফ্লাইট বাতিলের কারণে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন সৌদি ● ২-এর পাতায় দেখুন

উন্নয়ন হবে ১৫২ কিলোমিটারের বেশি সড়ক

চাঁদপুরে সড়ক যোগাযোগ উন্নয়নে সড়ক বিভাগের বড় পরিকল্পনা

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলার সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকায়নে বড় ধরনের পরিকল্পনা হাতে নিয়েছে সড়ক বিভাগ।

জেলার গুরুত্বপূর্ণ মহাসড়কগুলো যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীত করার পাশাপাশি আঞ্চলিক মহাসড়কের উন্নয়নেও নেওয়া হয়েছে একাধিক প্রকল্প। এসব প্রকল্প বাস্তবায়িত হলে জেলার অভ্যন্তরীণ ও আন্তঃজেলা যোগাযোগ ব্যবস্থায় আরও গতি আসবে বলে আশা করা হচ্ছে। সড়ক বিভাগ, চাঁদপুরের উন্নয়ন পরিকল্পনার তথ্যমতে, জেলার গুরুত্বপূর্ণ চারটি মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণে একটি প্রকল্প প্রস্তাব করা হয়েছে। এর আওতায় চাঁদপুর-নানুপুর-চান্দ্রা-কামতাবাজার-রামগঞ্জ সড়ক, চাঁদপুর (নানুপুর)-দোকানঘর হরিনা সড়ক, কচুয়া-গুলবাহার-কাশিমপুর সড়ক এবং মুদাফফরগঞ্জ-চিতোষী-রামগঞ্জ সড়ক উন্নয়ন করা হবে। চারটি সড়কের মোট দৈর্ঘ্য প্রায় ৭৫ কিলোমিটার। এ ছাড়া গৌরীপুর-কচুয়া-হাজীগঞ্জ-রামগঞ্জ-লক্ষ্মীপুর আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণেরও পরিকল্পনা রয়েছে। এ প্রকল্পের দৈর্ঘ্য প্রায় ৭৭ দশমিক ৮৫ কিলোমিটার। ফলে প্রস্তাবিত দুই প্রকল্পের আওতায় চাঁদপুর ও আশপাশের অঞ্চলে মোট ১৫২ ● ২-এর পাতায় দেখুন

মতলবে যাত্রীবাহী লঞ্চের সঙ্গে বাল্কহেডের ধাক্কা

মতলব উত্তর প্রতিনিধি

চাঁদপুর থেকে নারায়ণগঞ্জগামী এমভি নড়িয়া-২ লঞ্চের সঙ্গে বালুবাহী বাল্কহেডের ধাক্কার ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) বিকেল সাড়ে ৩টার দিকে চাঁদপুর থেকে ছেড়ে আসা লঞ্চটি চাঁদপুরের মতলব উত্তর উপজেলার মোহনপুর লঞ্চ টার্মিনালে ভেড়ার আগে এ দুর্ঘটনা ঘটে। এতে লঞ্চে থাকা ৬০ থেকে ৭০ জন যাত্রীর মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। তবে বড় ধরনের ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর পাওয়া যায়নি। প্রত্যক্ষদর্শী মোহাম্মদ রাজিব সৈয়াল জানান, মোহনপুর ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ২,৪৭৬ জেলের মাঝে ভিজিএফের চাল বিতরণ

স্টাফ রিপোর্টার

ইলিশ সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মা ইলিশ আহরণ থেকে বিরত থাকা চাঁদপুর পৌর এলাকার ২ হাজার ৪৭৬ জন জেলের মাঝে ভিজিএফের চাল বিতরণ করা হয়েছে। এ সময় প্রত্যেক জেলেকে ২৫ কেজি করে চাল দেয়া হয়।

বুধবার (১৪ অক্টোবর) সকাল ১০টায় চাঁদপুর পৌর পাঠাগারে চাঁদপুর (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে মাসিক আইনশৃঙ্খলা বিষয়ক সভায় বক্তব্য রাখছেন সংসদ সদস্য মো. আবদুল হান্নান।

ফরিদগঞ্জে মাসিক আইনশৃঙ্খলা বিষয়ক সভা

সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা সবার সম্মিলিত দায়িত্ব

------সংসদ সদস্য মো. আবদুল হান্নান

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ উপজেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে প্রশাসন, জনপ্রতিনিধি ও সর্বস্তরের জনগণকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন চাঁদপুর-৪ (ফরিদগঞ্জ) আসনের সংসদ সদস্য মো. আবদুল হান্নান।

১৪ অক্টোবর (বুধবার) ফরিদগঞ্জ উপজেলা মাসিক আইনশৃঙ্খলা বিষয়ক সভা ও সমন্বয় সভায় অংশ নিয়ে তিনি এ আহ্বান জানান।

সভায় আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ, সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে উদ্যাপনের লক্ষ্যে পূজা উদ্যাপন কমিটির সভাপতি ও এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে পূজামণ্ডপের নিরাপত্তা, প্রস্তুতি এবং সার্বিক ব্যবস্থাপনা নিয়ে মতবিনিময় করা হয়।

এ সময় দুর্গাপূজা উদ্যাপনে পারস্পরিক শ্রদ্ধা, সহনশীলতা ও ভ্রাতৃত্ববোধ বজায় রাখার ওপর গুরুত্বারোপ করা হয়। ফরিদগঞ্জের প্রতিটি পূজামণ্ডপে যেন শান্তি, নিরাপত্তা ও ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর জেলা পুলিশ লাইন্সে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা পুলিশ লাইন্স প্যারেড গ্রাউন্ডে বাংলাদেশ পুলিশের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা-২০২৬-এর প্যারেড পরীক্ষা অত্যন্ত সুশৃঙ্খল ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। ১৪ অক্টোবর (বুধবার) সকালে অনুষ্ঠিত এ পরীক্ষায় পরিচালনা ও মূল্যায়ন বোর্ডের সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলার পুলিশ সুপার মোঃ মিজানুর রহমান। প্রতিবেদনে জানা যায়,

পেশাগত দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে পদোন্নতির লক্ষ্যে আয়োজিত এ পরীক্ষায় কনস্টেবল ও নায়েক পদ থেকে এএসআই (নিরস্ত্র) এবং এএসআই (নিরস্ত্র) থেকে এসআই (নিরস্ত্র) পদে পদোন্নতিপ্রার্থী পুলিশ সদস্যরা অংশগ্রহণ করেন। পরীক্ষা চলাকালীন বোর্ডের সদস্যরা অংশগ্রহণকারী সদস্যদের টার্ন আউট, চাকরির খতিয়ান বিশ্লেষণ, সরাসরি সাক্ষাৎকার গ্রহণ এবং মাঠপর্যায়ের প্যারেড পরীক্ষা সূক্ষ্মভাবে ● ২-এর পাতায় দেখুন

বিশ্ব দৃষ্টি দিবসে "ক্লীন চাঁদপুরের" চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

বিশ্ব দৃষ্টি দিবসে "ক্লীন চাঁদপুরের" চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

স্টাফ রিপোর্টার

বিশ্ব দৃষ্টি দিবস উপলক্ষে চাঁদপুরে সচেতনতা সৃষ্টি ও শিশু-কিশোরদের সৃজনশীল প্রতিভা বিকাশের লক্ষ্যে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) বিকেলে চাঁদপুর স্টেডিয়ামের প্যাভিলিয়নে "ক্লীন চাঁদপুরের" উদ্যোগে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় 'ক', 'খ' ও 'গ'–এই ৩টি গ্রুপে প্রায় ১০০ জন প্রতিযোগী অংশগ্রহণ করে।

প্রতিযোগিতা শেষে অনুষ্ঠিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চোখ মানুষের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঙ্গ। দৃষ্টিশক্তি সুস্থ রাখা এবং চোখের যত্ন সম্পর্কে সচেতনতা তৈরি করা প্রত্যেকের জন্য জরুরি। শিশুদের ছোটবেলা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে মাদকবিরোধী অভিযানে আটক ৮৭

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুরে মাদকবিরোধী অভিযানে ১৯৮ পিস ইয়াবাসহ ১১ জনকে গ্রেফতার করেছে জেলা পুলিশ। একইসঙ্গে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৭৬ জনকে আটক করা হয়েছে।

বুধবার (১৪ অক্টোবর) সকালে পুলিশ সুপারের কার্যালয়ের মিডিয়া সেল থেকে পাঠানো তথ্যে এসব বিষয় জানানো হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) জেলার বিভিন্ন থানা এলাকায় পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার ও আটক করা হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, চাঁদপুর সদর মডেল থানা পুলিশ ১৭ পিস ইয়াবাসহ দুজনকে গ্রেফতার করেছে। এ ছাড়া কিশোর গ্যাং সন্দেহে ১৫ জনকে আটক করা হয়। তাদের মধ্যে ১২ জনকে মুচলেকা নিয়ে অভিভাবকের জিম্মায় দেওয়া হয়েছে। বাকি তিনজনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে।

হাইমচর থানা পুলিশ দুই পিস ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে স্কুল ফাঁকি দিয়ে 'ওয়াকওয়েতে' আড্ডা : ১৬ শিক্ষার্থী আটক

সাইফুদ্দীন

স্কুল-কলেজের নির্ধারিত পোশাক বা ব্যাগ কাঁধে জড়িয়ে বইখাতায় মনোযোগ দেওয়ার কথা ছিল যে সময়ে, ঠিক সেই সময়েই দেখা গেল উল্টো দৃশ্য। ক্লাস ফাঁকি দিয়ে নদীর ধারের মনোরম শাহরাস্তি ওয়াকওয়েতে আড্ডা ও ঘোরাঘুরিতে মেতে উঠেছিল একদল তরুণ-তরুণী। তবে শেষ রক্ষা হয়নি; পুলিশের ঝটিকা অভিযানে স্থানটি থেকে আটক করা হয় ১৬ জন শিক্ষার্থীকে।

বুধবার (১৪ অক্টোবর) দুপুরে শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমানের নেতৃত্বে পরিচালনা করা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে মুসলিম ছাত্রীকে হিন্দু ছেলে নিয়ে যাওয়ার সময় জনতার হাতে আটক

উদ্ধার হওয়া স্কুলছাত্রী তন্নী (১৪) ও হিন্দু ছেলে সাগর বিশ্বাস (২৮)।

সদর প্রতিনিধি

কুমিল্লার শিক্ষার্থী তাসমিন হত্যার রেশ না কাটতে চাঁদপুরে মুসলিম স্কুল ছাত্রী তন্বীকে হিন্দু ছেলে সাগর বিশ্বাস প্রাইভেটকারে তুলে নেওয়ার পথে হরিনা ফেরি ঘাটে জনতার হাতে আটক হয়েছে। হরিনা নৌ পুলিশের কাছে হস্তান্তর করে। স্কুলের পোশাক দেখে স্থানীয় জনতার সন্দেহ সৃষ্টি হয়। পরে জিজ্ঞাসা করে দেখেন ছেলেটি হিন্দু স্কুল ছাত্রী তন্নী মুসলিম পরিবারের সন্তান। খাদিজা আক্তার তন্বী চাঁদপুর সদর উপজেলার বাগাদি গনি উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির ছাত্রী (১৪ বছর), পিতা মৃত দুলাল মিয়া। হিন্দু ছেলে সাগর বিশ্বাস (২৮), পিতা বিপুল বিশ্বাস, তার বাড়ি ছাঙ্গাভাঙ্গা মাগুরা জেলা সদর। ঘটনাটি ঘটেছে ১২ অক্টোবর সোমবার দুপুর ১ টা ৩০ মিনিটে হরিনা ফেরী ঘাট এলাকায়। বিষয়টি নিশ্চিত ● ২-এর পাতায় দেখুন

মা ইলিশ রক্ষায় চাঁদপুরে কোস্ট গার্ডের নিয়মিত অভিযান সম্পর্কে ব্রিফ করছেন চাঁদপুর কোস্টগার্ড স্টেশন কমান্ডার লেফটেন্যান্ট কমান্ডার মুহ্তাদিন ইসলাম (এক্স), বিএন।

মা ইলিশ রক্ষায় চাঁদপুরে কোস্ট গার্ডের নিয়মিত অভিযান

শহর প্রতিনিধি

জাতীয় মাছ ইলিশের প্রজনন নির্বিঘ্ন করা এবং মা ইলিশ সংরক্ষণে চাঁদপুরে নিয়মিত অভিযান ও জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে বাংলাদেশ কোস্টগার্ড। সরকারি নিষেধাজ্ঞা বাস্তবায়নে নদী ও উপকূলীয় এলাকায় টহল, বিশেষ অভিযান এবং ● ২-এর পাতায় দেখুন

৭ মাস ধরে পানি সরবরাহ বন্ধ, সুপেয় পানির সংকটে হাজীগঞ্জ পৌরবাসী

ইউসুফ বেপারী

হাজীগঞ্জ পৌরসভায় সাত মাস ধরে সুপেয় পানির তীব্র সংকটে ভুগছেন পৌরবাসী। নিয়মিত পানির বিল ও পৌরকর পরিশোধ করেও কাঙ্ক্ষিত সেবা পাচ্ছেন না অনেক গ্রাহক। বিশেষ করে পৌরসভার ৬ থেকে ৯নং ওয়ার্ডের বাসিন্দাদের দুর্ভোগ চরমে পৌঁছেছে। কোথাও পানি সরবরাহ বন্ধ, আবার কোথাও সরবরাহ করা হচ্ছে ময়লাযুক্ত ও দুর্গন্ধময় পানি, যা ব্যবহারের অনুপযোগী বলে অভিযোগ গ্রাহকদের।

পৌরসভা সূত্রে জানা গেছে, হাজীগঞ্জ পৌরসভায় মোট ১০টি প্রোডাকশন টিউবওয়েল রয়েছে। এর মধ্যে বর্তমানে ৬টি সচল থাকলেও ৪টি সম্পূর্ণ বন্ধ রয়েছে। পৌর এলাকায় মোট ৩ হাজার ৭০ জন গ্রাহক রয়েছেন। এসব গ্রাহকের অনেকেই নিয়মিত পানির বিল পরিশোধ করেও প্রয়োজনীয় পানি ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় মাদকসহ যুবক আটক

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় ১৬ পিস ইয়াবা ট্যাবলেটসহ মো. রাসেল (২৬) নামে এক যুবককে আটক করেছে কচুয়া থানা পুলিশ। মঙ্গলবার (১৩ অক্টোবর) রাত ৮টার দিকে উপজেলার ১নং সাচার ইউনিয়নের ৯নং ওয়ার্ডের চৌধুরী দিঘীর পাড় এলাকার মদিনাতুল উলূম মহিলা মাদরাসার সামনের কচুয়া-আমিরাবাদগামী পাকা সড়কে মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে তাকে আটক করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, কচুয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আজিজুল ইসলামের নির্দেশনায় এবং পুলিশ পরিদর্শক (তদন্ত) মো. রাশেদুল হকের নেতৃত্বে এসআই (নিরস্ত্র) সাজ্জাদ হোসেনসহ পুলিশের একটি দল মাদক উদ্ধারে বিশেষ অভিযান পরিচালনা করে। এ সময় চৌধুরী দিঘীর পাড় (দক্ষিণ পাড়া) এলাকার বাসিন্দা মো. রাসেলকে আটক করা হয়। তিনি মৃত আলী মিয়া ও সাজেদা বেগমের ছেলে। পুলিশ জানায়, আটক রাসেলের দেহ তল্লাশি করে ১৬ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ১০ হাজার মিটার কারেন্ট জাল জব্দ

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর মেঘনায় মৎস্য অধিদপ্তর ও নৌ পুলিশের যৌথ অভিযানে ১০ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়েছে। এ সময় একটি নৌকাসহ দুজনকে আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে একজনকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেয়া ● ২-এর পাতায় দেখুন

মা ইলিশ রক্ষা অভিযানে চাঁদপুরে ৮ হাজার মিটার কারেন্ট জাল জব্দ, গ্রেফতার ৫

স্টাফ রিপোর্টার

মেঘনা নদীতে মা ইলিশ সংরক্ষণ অভিযানে ৮ হাজার ৩২৫ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করেছে নৌ পুলিশ। অভিযানে অবৈধভাবে মাছ ধরার অভিযোগে পাঁচ জেলেকে গ্রেপ্তারও করা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে কসমেটিকস ও শিশুদের পণ্যে নকল স্টিকার, প্রতিষ্ঠানটিকে জরিমানা

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে বিদেশি কসমেটিকস ও শিশুদের পণ্যে আমদানিকারকের স্টিকার না থাকা এবং নকল আমদানিকারকের স্টিকার লাগিয়ে বাজারজাতের অভিযোগে এ এস এন্টারপ্রাইজকে ৩০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা ● ২-এর পাতায় দেখুন

SE
মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
বৃহস্পতিবার ১৫ অক্টোবর ২০২৬, ৩০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ২ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

ঢাকা থেকে সৌদিগামী ৮৯ ফ্লাইট স্থগিত, ১৪ হাজারের বেশি যাত্রী ভোগান্তিতে

দিগন্ত ডেস্ক

হুতিদের একের পর এক হামলার কারনে সৌদি আরবের বিভিন্ন বিমানবন্দরে ফ্লাইট চলাচল বন্ধ থাকায় ভোগান্তিতে পড়েছেন ৮৯ ফ্লাইটের অন্তত ১৪ হাজার ৬৫৫ যাত্রী। এসব ফ্লাইটের মধ্যে ৩৯টি সরাসরি ও ৫০টি ট্রানজিট ফ্লাইট।
বুধবার (১৪ অক্টোবর) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।
এতে বলা হয়, ফ্লাইট বন্ধ থাকায় সরাসরি পরিচালিত বিমান বাংলাদেশের ১৭টি, ইউএস-বাংলা এয়ারলাইনসের ১০টি, রিয়াদ এয়ারের ৭টি এবং সৌদিয়ার ৫টি ফ্লাইট স্থগিত হয়েছে।
আর ট্রানজিট ফ্লাইটের মধ্যে ইন্ডিগোর ২২টি, এমিরেটসের ১১টি, কাতার এয়ারওয়েজ ও ফ্লাইদুবাইয়ের ৬টি করে, সালামএয়ারের ৪টি ও ইজিপ্টএয়ারের ১টি ফ্লাইট স্থগিত হয়েছে। ইয়েমেনের সশস্ত্র গোষ্ঠী হুতিদের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার কারণে সৌদি আরবের আকাশসীমা বর্তমানে বেশ ঝুঁকিতে আছে। দেশটির রাজধানী রিয়াদ বিমানবন্দর ও তেল অবকাঠামোতে হামলার ঘটনা ঘটেছে। গত ১০ অক্টোবর রিয়াদের আন্তর্জাতিক ● ২-এর পাতায় দেখুন

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে চাঁদপুর পৌর এলাকার ৩৫টি পূজামণ্ডপ কমিটির নেতৃবৃন্দের হাতে অনুদানের চেক তুলে দিচ্ছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক।

চাঁদপুরে ৩৫ পূজামণ্ডপে পৌরসভার অনুদানের চেক বিতরণ

শহর প্রতিনিধি

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে চাঁদপুর পৌর এলাকার ৩৫টি পূজামণ্ডপ কমিটির নেতৃবৃন্দের নিকট পৌরসভার অনুদানের চেক বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
বুধবার (১৪ অক্টোবর) সকাল ১০টায় চাঁদপুর পৌর পাঠাগারে আয়োজিত অনুষ্ঠানে শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পূজামণ্ডপ কমিটির নেতৃবৃন্দের হাতে অনুদানের চেক তুলে দেন। প্রধান অতিথির বক্তব্যে শেখ ফরিদ আহম্মেদ মানিক বলেন, শারদীয় দুর্গাপূজাকে কেন্দ্র করে একটি চক্র ষড়যন্ত্র করছে। এ বিষয়ে সবাইকে সজাগ ও সতর্ক থাকতে হবে। ধর্মীয় সম্প্রীতি বজায় রেখে যাতে সবাই নির্বিঘ্নে ও আনন্দমুখর পরিবেশে পূজা উদযাপন করতে পারেন, সে জন্য সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, প্রতিটি পূজামণ্ডপে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের পাশাপাশি রাতে স্বেচ্ছাসেবকরা ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নিরাপদে উদ্যাপনে প্রস্তুতি সভা

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় শারদীয় দুর্গাপূজা-২০২৬ শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে উদ্যাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় এ বছর উপজেলার ৩৯টি দুর্গাপূজা উদ্যাপন কমিটির নেতৃবৃন্দের অংশগ্রহণে সার্বিক নিরাপত্তা, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং পূজার সুষ্ঠু আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বুধবার (১৪ অক্টোবর) সকাল ১১টায় কচুয়া উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ সম্মেলনকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত রায়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কচুয়া উপজেলা বিএনপির সভাপতি খায়রুল আবেদীন স্বপন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদ আবু নাছির, কচুয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আজিজুল ইসলাম, উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি মোহাম্মদ আজিজ উল্লাহ, সাবেক যুবনেতা নূর মোহাম্মদ কচি, শিক্ষা বিষয়ক সমন্বয়ক অধ্যাপক ওয়াদুদ মিয়া, উপজেলা বিএনপির উত্তর অঞ্চলের সাধারণ সম্পাদক ইউসুফ মিয়াজী, কচুয়া পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের কর্মকর্তা মো. তারা মিয়া, কচুয়া প্রেসক্লাবের সভাপতি ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নিরাপদে উদ্যাপনে প্রস্তুতি সভায় সভাপতির বক্তব্য রাখছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত রায়।

হাইমচরে গ্রামীণ সড়কব্যবস্থা উন্নতকরণ কর্মশালায় সভাপতিত্ব করেন ইউএনও মো. নজরুল ইসলাম।

হাইমচরে গ্রামীণ সড়কব্যবস্থা উন্নত করতে কর্মশালা

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলায় গ্রামীণ সড়ক যোগাযোগব্যবস্থা উন্নত করতে গুরুত্বপূর্ণ উদ্যোগ নেওয়া হয়েছে। পার্শ্ববর্তী উপজেলাগুলোর সঙ্গে যোগাযোগ আরও সহজ ও গতিশীল করার লক্ষ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) সড়কগুলোর মধ্যে তিনটি প্রধান সড়ককে কোর রোড নেটওয়ার্কের আওতায় এনে ২৪ ফুট প্রশস্ত করার বিষয়ে প্রাথমিক আলোচনা হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) হাইমচর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে 'গ্রামীণ সড়কের কোর রোড নেটওয়ার্ক ও সড়ক অগ্রাধিকার নির্ধারণ' বিষয়ক এক কর্মশালায় এ আলোচনা হয়। কর্মশালায় ● ২-এর পাতায় দেখুন

মান্দারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহনেওয়াজ খানের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মুহাম্মদ মোছাদ্দেক হোসেন।

ছাত্র-যুব ও প্রবাসী সমাজ কল্যাণ সংস্থা ও প্রাক্তন শিক্ষার্থীদের সংবর্ধনা

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নের ৩২নং মান্দারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ শাহনেওয়াজ খানের অবসর জনিত রাজকীয় বিদায় অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।
১৪ অক্টোবর বুধবার বিকেলে বিদ্যালয় মাঠে ব্যাপক উৎসাহ, বিরহ ও আবেগময় মুহূর্তের অবতারনার মধ্য দিয়ে একজন মায়াবী ও মেধাবী শিক্ষককের কর্ম জীবনের বিদায় ঘটে। মান্দারী ছাত্র-যুব ও প্রবাসী সমাজ কল্যাণ সংস্থা ও প্রাক্তন শিক্ষার্থীদের আয়োজনে উক্ত অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ের অতিথিবৃন্দ, সুধীজন, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।
উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মুহাম্মদ মোছাদ্দেক হোসেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার নাজমা বেগম, সদর উপজেলার শিক্ষা অফিসার আবু ছায়েদ ● ৩-এর পাতায় দেখুন

মকবুল-রাজিয়া ফাউন্ডেশনের উদ্যোগে বাবুরহাট কলেজের মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান করছেন দৈনিক চাঁদপুর কণ্ঠের প্রধান সম্পাদক কাজী শাহাদাত।

বাবুরহাট কলেজে মকবুল-রাজিয়া ফাউন্ডেশনের শিক্ষাবৃত্তি প্রদান

'এসো সুশিক্ষিত হয়ে আলোকিত মানুষ হই'–এই স্লোগানকে সামনে রেখে মকবুল-রাজিয়া ফাউন্ডেশনের উদ্যোগে শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) চাঁদপুর সদরের ঐতিহ্যবাহী বাবুরহাট উচ্চ বিদ্যালয় ও কলেজের হলরুমে দুপুরে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। মকবুল-রাজিয়া ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা লায়ন মাহমুদ হাসান খানের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ● ৩-এর পাতায় দেখুন

জাতীয় সাংবাদিক সংস্থার প্রতিষ্ঠাতার মাগফেরাত কামনায় চাঁদপুরে মিলাদ মাহফিল

নিজস্ব প্রতিবেদক

জাতীয় সাংবাদিক সংস্থার প্রতিষ্ঠাতা ও বিশিষ্ট সাংবাদিক আলহাজ্ব আলতাফ হোসেনের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর রুহের মাগফেরাত কামনায় চাঁদপুরে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
বুধবার (১৪ অক্টোবর) বিকেল সাড়ে ৪টায় চাঁদপুর শহরের মিশন রোডস্থ শাহী জামে মসজিদে সংগঠনের চাঁদপুর জেলা কমিটির উদ্যোগে এ মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।
সংগঠনের চাঁদপুর জেলা সভাপতি মাওলানা মো. সাইফুল্লাহর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মো. আবদুর রহমান গাজীর সঞ্চালনায় মিলাদ ও দোয়া মাহফিল পরিচালনা করেন মসজিদের খতিব মাওলানা আব্দুল্লাহ আল মামুন। ● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ ডিগ্রি কলেজে অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের বিনামূল্যে বই বিতরণ করা হয়।

হাজীগঞ্জ ডিগ্রি কলেজে অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের বিনামূল্যে বই বিতরণ

হাজীগঞ্জ প্রতিনিধি

আর্থিক অসচ্ছলতার কারণে কোনো মেধাবী শিক্ষার্থীর শিক্ষাজীবন যেন বাধাগ্রস্ত না হয়–এমন মানবিক প্রত্যয় নিয়ে একাদশ শ্রেণির ২০ জন অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে বই বিতরণ করেছে হাজীগঞ্জ ডিগ্রি কলেজ। শিক্ষার্থীদের পড়াশোনায় উৎসাহিত করা,শিক্ষার সুযোগ নিশ্চিত করা এবং তাদের ভবিষ্যৎ গঠনে সহযোগিতা করার লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষ এ উদ্যোগ গ্রহণ করে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ মুযযাম্মেল হুসাইনের উদ্যোগে আয়োজিত এ বই বিতরণ ● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে অগ্নিকান্ডে বসতঘর পুড়ে ছাই

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে শেষ রাতে এক আকস্মিক অগ্নিকাণ্ডে আবুল হোসেন নামের এক ব্যক্তির একটি পরিত্যক্ত বসতঘর সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে গেছে। ফায়ার সার্ভিসের প্রাথমিক ধারণা, বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে এ আগুনের সূত্রপাত হয়েছে।
বুধবার (১৪ অক্টোবর) ভোররাত ৪টার দিকে উপজেলার ৬ নম্বর গুপ্টি পশ্চিম ইউনিয়নের হুগলি এলাকার বরকন্দাজ বাড়িতে এ দুর্ঘটনা ঘটে।
স্থানীয় ও ফায়ার সার্ভিস সূত্রে জানা যায়, ভোরে বরকন্দাজ বাড়ির মো. আবুল হোসেনের বসতঘরে হঠাৎ আগুনের লেলিহান শিখা দেখতে পান স্থানীয় প্রতিবেশীরা। মুহূর্তের ● ৩-এর পাতায় দেখুন

শিক্ষাঙ্গনকে মাদকমুক্ত করতে চাঁদপুরে সচেতনতামূলক সভা

শহর প্রতিনিধি

শিক্ষাঙ্গনে মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব ও প্রতিরোধে করণীয় শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) সকালে চাঁদপুর শহরের পুরানবাজার নূরিয়া পাইলট উচ্চ বিদ্যালয়ে বিজয়ী নারী উন্নয়ন সংস্থার আয়োজনে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয়ের সার্বিক সহযোগিতায় এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্য দেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাঃ মিজানুর রহমান। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মাদক শুধু একজন ব্যক্তির জীবনকেই ধ্বংস করে না, বরং একটি পরিবার, সমাজ ও রাষ্ট্রের অগ্রগতির পথেও বাধা সৃষ্টি করে। বিশেষ করে শিক্ষার্থীদের জন্য মাদক অত্যন্ত বিপজ্জনক। শিক্ষাজীবনের শুরুতে কেউ মাদকের সংস্পর্শে এলে তার শারীরিক ও মানসিক বিকাশ, পড়াশোনার মনোযোগ এবং ভবিষ্যৎ স্বপ্ন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। মাদকের কারণে শিক্ষার্থীদের মধ্যে হতাশা, অসামাজিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়া এবং অপরাধপ্রবণতা বৃদ্ধির ● ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ১৫ অক্টোবর

১৬৭৬ সালে ব্রিটেনের রাজার কাছ থেকে ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতে টাকা ও পয়সা মুদ্রণের অনুমতি লাভ করে। ১৮১৫ সালে সেন্ট হেলেনা দ্বীপে সম্রাট নেপোলিয়ন-এর নির্বাসন জীবন শুরু। ১৯৬৪ সালে চীনের প্রথম পারমাণবিক বোমা পরীক্ষা হয়। ১৯৮৬ সালে লে. জে. হুসেইন মুহম্মদ এরশাদ প্রেসিডেন্ট নির্বাচিত হন। এইদিন বিশ্ব হাত ধোয়া দিবস, আন্তর্জাতিক গ্ৰামীণ নারী দিবস, বিশ্ব স্তন ক্যান্সার প্রতিরোধ দিবস পালিত হয়।

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-চাঁবিপ্রবি/রেজি./গেস্ট হাউজ/১৭১২ তারিখ: ১৪/১০/২০২৬ ইং

ভবন ভাড়া আবশ্যক

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন হিসেবে ব্যবহারের জন্য বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস (ওয়াপদা গেইট, খলিশাডুলী, কুমিল্লা রোড, চাঁদপুর)-এর সন্নিকটে আইনগত জটিলতাবিহীন ০১ (এক) টি ভবন ভাড়া প্রয়োজন। আগ্রহী মালিকদের আগামী ২৭/১০/২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে ভবনের বিস্তারিত বর্ণনা ও ভাড়ার পরিমাণ উল্লেখপূর্বক নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে নিম্নবর্ণিত ঠিকানায় আবেদনপত্র প্রেরণের অনুরোধ করা হলো।

শর্তসমূহ:
১। ভবনের আয়তন ৮,০০০-১০,০০০ বর্গফুট হতে হবে।
২। প্রতি ফ্লোরের আয়তন ২০০০-২৫০০ বর্গফুট হতে হবে।
৩। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ডিজাইন ও ফ্লোরের প্ল্যান থাতে হবে।

আবেদনপত্র প্রেরণের ঠিকানা

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
মোবাইল: ০১৭৫৫-৪৮৫৫৪৭
খলিশাডুলী, ওয়াপদা গেইট,কুমিল্লা রোড,
চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০

ইসলামাবাদে বেগম জিয়া স্মৃতি স্মরণে মিনিবার গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের সেমিফাইনাল

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার ইসলামাবাদ ফ্রেন্ডস ক্লাব আয়োজিত বেগম খালেদা জিয়া 'স্মৃতি স্মরণে মিনিবার গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এর ২য় সেমিফাইনাল অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে পুর্ব ইসলামাবাদ শাহ মোঃ আলামিন চেয়ারম্যান বাড়ির সামনে আয়োজিত খেলা উদ্বোধন করেন মতলব উত্তর উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ শাহজালাল প্রধান। ইসলামাবাদ ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মোঃ আরিফ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, মতলব উত্তর উপজেলা বিএনপির পরিবেশ বিষয়ক সম্পাদক মোঃ শাহাদাত হোসেন ভুইয়া, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আনিছুর রহমান, যুগ্ম আহ্বায়ক ভিপি মোঃ মফিজুল ইসলাম শান্ত, ইসলামাবাদ ইউপির চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ সজীব পাটোয়ারী, ৩নং ওয়ার্ড মেম্বার পদপ্রার্থী মোঃ শেখ বোরহান, ইউনিয়ন যুবদলের সভাপতি পদপ্রার্থী হাজী ইলিয়াছ পাটোয়ারী, সাধারণ সম্পাদক ● ৩-এর পাতায় দেখুন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান,
যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভুইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত,
সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
বৃহস্পতিবার ॥ ১৫ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

পানিসংকটের সমাধান করুন

সুন্দরবন রক্ষায় দরকার সমন্বিত উদ্যোগ

দেশের দক্ষিণ-পশ্চিম উপকূলের বাসিন্দাদের পানির জন্য সংগ্রাম ও সুন্দরবনের প্রতিবেশগত সংকটকে বিচ্ছিন্ন করে দেখার সুযোগ নেই। বহু বছর ধরে সুন্দরবনকে রক্ষার কথা বলা হলেও বনের স্বাভাবিক পরিবেশ বজায় রাখার ব্যাপারে কার্যকর কোনো উদ্যোগ নেওয়া হয়নি। বরং সুন্দরবন রক্ষা এবং উপকূলীয় মানুষের জীবন-জীবিকার সংগ্রামকে সামগ্রিক চোখে না দেখে বিচ্ছিন্ন সমস্যা হিসেবেই দেখে আসা হয়েছে।
আয়োজনে গত রোববার খুলনার মোংলায় অনুষ্ঠিত 'উপকূলে পানির সংকট ও সুন্দরবনের প্রতিবেশ' শীর্ষক আলোচনা সভায় সুন্দরবন রক্ষায় বেশ কিছু সুপারিশ উঠে এসেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, স্থানীয় বাসিন্দা, গবেষক, সরকারি কর্মকর্তা, পরিবেশকর্মী, শিক্ষক-শিক্ষার্থী, বনজীবী, উন্নয়নকর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এতে অংশ নেন। আলোচনায় সুন্দরবন রক্ষায় সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে সমন্বয় বাড়ানো, বনব্যবস্থায় সংস্থাগুলোর দায়িত্ব সুস্পষ্ট করা, স্থানীয় মানুষের অংশগ্রহণ বাড়ানোর কথা বলা হয়। এ ছাড়া উপকূলে সুপেয় পানির সংকট মোকাবিলায় স্থানীয় বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ প্রযুক্তি ব্যবহার ও দীর্ঘদিন ব্যবহারের মতো অবকাঠামো নির্মাণের প্রসঙ্গ আলোচিত হয়েছে। আমরা আশা করি, সরকার এই আলোচনা ও সুপারিশ যথাযথ গুরুত্ব দিয়ে বিবেচনা করবে এবং সুন্দরবনের প্রতিবেশ ও বন ঘিরে থাকা জনবসতির পানির সংকট সমাধানে সমন্বিত উদ্যোগ নেবে।

মতলবে যাত্রীবাহী লঞ্চের সঙ্গে

ঘাটে যাত্রী ওঠানোর জন্য লঞ্চটি ভেড়ানোর সময় একটি বালুবাহী বাল্কহেডের সঙ্গে সজোরে ধাক্কা লাগে। এ সময় বিকট শব্দ হয় এবং লঞ্চের ভেতরে থাকা যাত্রীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়। তিনি ঘটনাটি মোবাইল ফোনে ধারণ করেন। লঞ্চটির মাস্টার ফয়েজ পাটোয়ারী জানান, মোহনপুর ঘাটে ভেড়ানোর সময় বাল্কহেডের সঙ্গে ধাক্কা লাগে। তবে লঞ্চটির তেমন কোনো ক্ষতি হয়নি। তারা নিরাপদে গন্তব্যে পৌঁছেছেন।
মোহনপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. রুহুল আমিন জানান, ঘটনাটি তাঁর জানা নেই। খোঁজখবর নিয়ে দেখবেন।
এ বিষয়ে চাঁদপুর বিআইডব্লিউটিএ এর উপ-পরিচালক (ট্রাফিক) বাবু লাল বৈদ্য জানান, লঞ্চের সাথে বাল্কহেডের ঢাক্কার বিষয়টি আমার জানা নেই কিংবা কেউ আমাকে অবগত করেনি। এমভি নড়িয়া-২ লঞ্চের রুট পারমিট রয়েছে। এটি নারায়ণগঞ্জ নরিয়া রুটে চলাচল করে, চাঁদপুর ঘাটে আসে না।

চাঁদপুরে সড়ক যোগাযোগ

কিলোমিটারের বেশি সড়ক উন্নয়নের আওতায় আসবে।
অন্যদিকে, চাঁদপুর সড়ক বিভাগে বর্তমানে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান রয়েছে। এর মধ্যে দাউদকান্দি-গোয়ালমারী-শ্রীরায়েরচর-মতলব উত্তর (ছেংগারচর) মহাসড়কের উন্নয়নকাজ, কুমিল্লা-লালমাই-চাঁদপুর-লক্ষ্মীপুর-বেগমগঞ্জ আঞ্চলিক মহাসড়কের হাজীগঞ্জ বাজার থেকে বাকিলা অংশে পিরিয়ডিক মেইনটেন্যান্স প্রোগ্রাম (চগচ) এবং চান্দ্রা-হাইমচর সড়কের নির্দিষ্ট অংশে উন্নয়ন কাজ অন্তর্ভুক্ত রয়েছে।
সড়ক বিভাগের তথ্যমতে, পিএমপি মেজর আওতায় আরও পাঁচটি কাজের দরপত্র আহ্বান করা হয়েছে। বর্তমানে এসব দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে।
চাঁদপুর সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী ভুইয়া রেদওয়ানুর রহমান বলেন, চাঁদপুর জেলার সড়ক উন্নয়নে ৪টি গুরুত্বপূর্ণ মহাসড়কের যথাযথমান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প পরিকল্পনা গ্রহন করা হয়েছে। বর্তমানে জেলায় কয়েকটি কাজ চলমান আছে। এছাড়া আরো পাঁচটি কাজের দরপত্র মুল্যায়ন প্রক্রিয়াধীন আছে। জেলার সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকায়নে সরকারের দায়িত্বরত এমপিদের সাথে যোগাযোগ করে আরো পরিকল্পনা নেয়া হবে সড়ক বিভাগের।
সংশ্লিষ্টরা মনে করছেন, পরিকল্পনাধীন ও চলমান প্রকল্পগুলো বাস্তবায়িত হলে চাঁদপুরের সড়ক যোগাযোগ আরও নিরাপদ, টেকসই ও আধুনিক হবে। পাশাপাশি জেলার সঙ্গে কুমিল্লা, লক্ষ্মীপুর, রামগঞ্জসহ আশপাশের এলাকার যোগাযোগ সহজ হওয়ার ফলে ব্যবসা-বাণিজ্য, কৃষিপণ্য পরিবহন, শিক্ষা, চিকিৎসা ও সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডে ইতিবাচক প্রভাব পড়বে।

সৌদিগামী যাত্রীদের সমস্যা সমাধানে

আরবগামী প্রবাসী কর্মীরা। নির্ধারিত সময়ে কর্মস্থলে পৌঁছাতে না পারলে তাদের চাকরি হারানো, নিয়োগকর্তার সঙ্গে চুক্তিগত জটিলতা এবং আর্থিক ক্ষতির আশঙ্কা রয়েছে। পাশাপাশি ভিসার মেয়াদ ও নিয়োগসংক্রান্ত আইনি জটিলতাও তৈরি হতে পারে। ব্যবসায়িক কাজে এবং পবিত্র ওমরাহ পালনের উদ্দেশ্যে যাত্রার প্রস্তুতি নেওয়া ব্যক্তিরাও অনিশ্চয়তায় পড়েছেন।
বিবৃতিতে ডা. শফিকুর রহমান বলেন, পরিস্থিতি মোকাবিলায় পররাষ্ট্র মন্ত্রণালয় ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষকে দ্রুত কার্যকর উদ্যোগ নিতে হবে।
তিনি সৌদি কর্তৃপক্ষ ও বিমান সংস্থাগুলোর সঙ্গে জরুরি ভিত্তিতে কূটনৈতিক যোগাযোগ স্থাপনের আহ্বান জানান। পাশাপাশি, প্রয়োজন অনুযায়ী নিয়োগকর্তাদের সঙ্গে সমন্বয় করে প্রবাসী কর্মীদের কর্মস্থলে যোগদানের সময় ও ভিসার মেয়াদ বাড়ানোর উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন।
নিরাপত্তা নিশ্চিত করে সৌদি আরবের অন্যান্য বিমানবন্দর কিংবা বিকল্প রুট ব্যবহার করে যাত্রীদের গন্তব্যে পৌঁছানোর সম্ভাবনা যাচাই করারও আহ্বান জানান তিনি। একই সঙ্গে অতিরিক্ত মাশুল ছাড়াই বিকল্প ফ্লাইট ও পুনরায় টিকিটের ব্যবস্থা এবং প্রয়োজনীয় যাত্রা সহায়তা নিশ্চিত করতে বিমান সংস্থাগুলোর সঙ্গে সমন্বয়ের তাগিদ দেন।
জামায়াত আমির বলেন, এ সংকট মোকাবিলায় অবহেলা কিংবা সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হলে যাত্রী ও তাদের পরিবারের পাশাপাশি দেশের অর্থনীতিও ক্ষতিগ্রস্ত হতে পারে। প্রবাসী কর্মীদের কর্মসংস্থান ও বৈদেশিক আয়ের বিষয়টি বিবেচনায় নিয়ে সরকারকে অবিলম্বে সমন্বিত ও কার্যকর পদক্ষেপ নিতে হবে।

চাঁদপুরে ২,৪৭৬ জেলের মাঝে

সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চাল বিতরণ কার্যক্রমে অংশ নেন।
এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন, চাঁদপুর পৌর প্রশাসক দেবাশীষ চৌধুরী, পৌর নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ নূর আজম বীন আখতার (নূর আজম শরীফ), চাঁদপুর জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি সুভাষ চন্দ্র রায়, সাধারণ সম্পাদক তমাল কুমার ঘোষ, যুগ্ম সাধারণ সম্পাদক গোপাল সাহা, চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হযরত আলী ঢালী, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক এবং সাধারণ সম্পাদক অ্যাড. নুরুল আমিন খান আকাশসহ বিভিন্ন শ্রেণি-পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ।
উল্লেখ্য, মা ইলিশের প্রজনন মৌসুমে ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিন ইলিশ আহরণে সরকারি নিষেধাজ্ঞা বাস্তবায়নের অংশ হিসেবে জেলেদের জন্য এ খাদ্যসহায়তা দেওয়া হয়। নিষেধাজ্ঞাকালীন সময়ে জেলেরা যাতে জীবিকা নির্বাহে কিছুটা সহায়তা পান এবং ইলিশ আহরণ থেকে বিরত থাকতে উৎসাহিত হন, সে লক্ষ্যেই ভিজিএফ কর্মসূচির আওতায় এ চাল বিতরণ করা হয়েছে।

জনগণের আস্থা অর্জন

চেয়ারম্যান বা মেম্বার পদে প্রার্থী হতে পারবেন না। বিএনপি, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের সভাপতি-সাধারণ সম্পাদকরা নির্বাচনে প্রার্থী হতে চাইলে তাদের আগে নিজ নিজ পদ থেকে পদত্যাগ করতে হবে। প্রার্থী নির্বাচনে দলীয় পরিচয়ের পাশাপাশি ব্যক্তিগত যোগ্যতা, সততা ও জনসেবার মানসিকতা বিবেচনা করা হবে।
দলের নেতাকর্মীদের মূল্যায়নের বিষয়ে সংসদ সদস্য বলেন, দলের মধ্যে একদিকে হাইব্রিড, অন্যদিকে দলের প্রতি নিবেদিতপ্রাণ নেতাকর্মী রয়েছেন। যারা সত্যিকার অর্থে দলকে ভালোবাসেন এবং জনগণের পাশে থাকেন, তাদের মূল্যায়ন করতে হবে। সালিশ কিংবা মামলা-সংক্রান্ত বিষয়ে বিতর্ক সৃষ্টি না করে যারা দায়িত্বশীল ভূমিকা পালন করবেন, তাদের বিষয়টি বিবেচনায় নেয়া হবে। অপরাধ ছোট হোক কিংবা বড়- সব অপরাধই অপরাধ।
জনপ্রতিনিধিদের দায়িত্ব সম্পর্কে তিনি বলেন, চেয়ারম্যান ও মেম্বারদের মসজিদের ইমামের মতো দায়িত্বশীল ও আদর্শবান হতে হবে। সরকার ইউনিয়ন পরিষদের উন্নয়নে বরাদ্দ দেবে। কিন্তু জনপ্রতিনিধিরা বসে বসে খাবেন কিংবা বরাদ্দের অর্থ লুটপাট করবেন, সেই দিন শেষ। জনপ্রতিনিধিদের জনগণের সেবক হিসেবে দায়িত্ব পালন করতে হবে।
তিনি আরও বলেন, গত ১৭ বছরের ফ্যাসিস্ট হাসিনার শাসনামলের কথা ভুলে যান। এটা তারেক রহমানের বাংলাদেশ। আমরা কাউকে লজ্জা দিতে চাই না। এখনো সময় আছে, নিজেরাই সিদ্ধান্ত নিন- আপনারা নির্বাচন করবেন কি না এবং সেই দায়িত্ব পালনের যোগ্যতা আপনাদের আছে কি না। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ ও সুষ্ঠু হবে উল্লেখ করে শেখ ফরিদ আহম্মেদ মানিক বলেন, ব্যক্তির চেয়ে দল বড়। তাই দলীয় সিদ্ধান্তকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। দল যাকে মনোনীত করবে, তার পক্ষেই সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। ব্যক্তিগত পছন্দ-অপছন্দের ঊর্ধ্বে উঠে দলীয় ঐক্য বজায় রাখতে হবে।
চাঁদপুর সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশনের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সলিম উল্যা সেলিম। সভা পরিচালনা করেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হযরত আলী ঢালী।
এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহসভাপতি খলিলুর রহমান গাজী, চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিকসহ চাঁদপুর সদর উপজেলার ১৪টি ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বার পদপ্রার্থী এবং বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

চাঁদপুর জেলা পুলিশ

মূল্যায়ন করেন। পরীক্ষা শেষে পুলিশ সুপার জনাব মোঃ মিজানুর রহমান অংশগ্রহণকারী সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং পেশাগত জীবনে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান।
বিভাগীয় পদোন্নতি পরীক্ষা পরিচালনা বোর্ডের সদস্য হিসেবে এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জনাব নাদিরা নূর এবং ফেনী জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) জনাব মোঃ সাইফুল ইসলাম।
এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জনাব মোঃ খায়রুল কবীর, পুলিশ লাইন্সের সংরক্ষিত পুলিশ পরিদর্শক (আরআই) সহ চাঁদপুর জেলা পুলিশের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। চাঁদপুর জেলা পুলিশ মিডিয়া সেল থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

বিশ্ব দৃষ্টি দিবসে "ক্লীন চাঁদপুরের"

থেকেই চোখের যত্ন, পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসচেতনতার বিষয়ে শিক্ষা দিতে হবে। চোখের কোনো সমস্যা দেখা দিলে অবহেলা না করে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত।
তিনি বলেন, শিশু-কিশোরদের সৃজনশীলতা বিকাশে চিত্রাঙ্কন প্রতিযোগিতার মতো আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ ধরনের প্রতিযোগিতা শিশুদের মেধা, মনন ও কল্পনাশক্তির বিকাশ ঘটানোর পাশাপাশি তাদের মধ্যে সুস্থ প্রতিযোগিতার মনোভাব তৈরি করে। পড়াশোনার পাশাপাশি সাংস্কৃতিক ও সৃজনশীল কর্মকাণ্ডে শিশুদের অংশগ্রহণের সুযোগ করে দিতে হবে।
জেলা প্রশাসক আরও বলেন, সামাজিক সচেতনতা বৃদ্ধিতে স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরিচ্ছন্নতা, স্বাস্থ্যসচেতনতা ও জনকল্যাণমূলক কার্যক্রমের মাধ্যমে সংগঠনগুলো মানুষের মধ্যে ইতিবাচক পরিবর্তন আনতে পারে। এ ধরনের উদ্যোগ অব্যাহত রাখার জন্য তিনি সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. খায়রুল কবীর। এ সময় প্রতিযোগী, অভিভাবক এবং ক্লীন চাঁদপুরের সদস্যরা উপস্থিত ছিলেন।
সভাপতির বক্তব্যে ক্লীন চাঁদপুরের প্রতিষ্ঠাতা অ্যাড. নুরুল আমিন খান আকাশ বলেন, একটি পরিচ্ছন্ন, সচেতন ও মানবিক সমাজ গঠনে শিশু-কিশোরদের সম্পৃক্ত করা প্রয়োজন। তাদের মধ্যে সামাজিক দায়বদ্ধতা, স্বাস্থ্যসচেতনতা ও সৃজনশীল চিন্তার বিকাশ ঘটাতে এ ধরনের আয়োজন কার্যকর ভূমিকা রাখে। বিশ্ব দৃষ্টি দিবসের তাৎপর্য তুলে ধরে মানুষের মধ্যে চোখের যত্ন ও দৃষ্টিশক্তি সুরক্ষার বিষয়ে সচেতনতা বাড়ানোও এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।
আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিভিন্ন গ্রুপে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

চাঁদপুরে মাদকবিরোধী অভিযানে

ইয়াবাসহ একজনকে গ্রেফতার করেছে। এ ছাড়া কিশোর গ্যাং সন্দেহে আটক করা হয়েছে সাতজনকে।
ফরিদগঞ্জ থানা পুলিশ ১০ পিস ইয়াবাসহ একজনকে এবং সিআর পরোয়ানা তামিলের মাধ্যমে আরও দুজনকে গ্রেফতার করেছে। এ ছাড়া কিশোর গ্যাং সন্দেহে সাতজনকে আটক করা হয়।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাটলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিস্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিসঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিসঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইলঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

মতলব দক্ষিণ থানা পুলিশ পাঁচজনকে এবং মতলব উত্তর থানা পুলিশ ছয়জনকে আটক করেছে। পরে তাদের কয়েকজনকে মুচলেকা নিয়ে ছেড়ে দেয়া হয় এবং বাকিদের অভিভাবকের জিম্মায় হস্তান্তর করা হয়।
হাজীগঞ্জ থানা পুলিশ ১৫০ পিস ইয়াবাসহ তিনজনকে গ্রেফতার করেছে। একই থানায় কিশোর গ্যাং সন্দেহে আটক করা হয়েছে ২১ জনকে।
শাহরাস্তি থানা পুলিশ তিন পিস ইয়াবাসহ একজনকে গ্রেফতার করেছে। এ ছাড়া ছয়জনকে আটক করা হয়। কচুয়া থানা পুলিশ ১৬ পিস ইয়াবাসহ একজনকে গ্রেফতারের পাশাপাশি কিশোর গ্যাং সন্দেহে আরও ৯জনকে আটক করেছে।
চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমান জানান, গ্রেফতার ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হয়েছে। আটক কিশোরদের যাচাই-বাছাই শেষে নিজ নিজ অভিভাবকের জিম্মায় দেয়া হয়েছে।
তিনি বলেন, মাদক ও কিশোর গ্যাং নির্মূলে জেলা পুলিশ বদ্ধপরিকর। মাদকমুক্ত ও নিরাপদ সমাজ গড়ে তুলতে তিনি সর্বস্তরের জনগণের সহযোগিতা কামনা করেন।
এর আগে গত ১০ অক্টোবর জেলায় মাদক বিরোধী অভিযানে ২০ জন গ্রেফতার হয়। আর কিশোর গ্যাং সন্দেহে ৭০ জনকে আটক করা হয়। তাদের পরবর্তীতে যাচাই-বাছাই শেষে অভিভাবকের জিম্মায় ছেড়ে দেয়া হয়।

সাম্প্রদায়িক সম্প্রীতি বজায়

সম্প্রীতির পরিবেশ বজায় থাকে, সে লক্ষ্যে প্রশাসন, জনপ্রতিনিধি, পূজা উদ্যাপন কমিটি এবং সাধারণ জনগণের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়।
সংসদ সদস্য মো. আবদুল হান্নান বলেন, "ধর্ম যার যার, উৎসব সবার।" পারস্পরিক সহযোগিতা ও সৌহার্দ্য বজায় রেখে সবাইকে শান্তিপূর্ণভাবে ধর্মীয় উৎসব উদ্যাপনে এগিয়ে আসতে হবে। আইনশৃঙ্খলা রক্ষা ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা সবার সম্মিলিত দায়িত্ব।
সভা শেষে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় দুস্থ ও অসহায় ব্যক্তিদের মাঝে চেক বিতরণ করা হয়। এ সময় সমাজের অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানো এবং তাঁদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়।
সংসদ সদস্য আরও বলেন, একটি নিরাপদ, সম্প্রীতিময়, মানবিক ও উন্নত ফরিদগঞ্জ গড়ে তুলতে দলমত, ধর্ম ও বর্ণ নির্বিশেষে সবাইকে একযোগে কাজ করতে হবে। এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি উন্নত রাখা, সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা এবং সার্বিক উন্নয়ন কার্যক্রম এগিয়ে নিতে সবার আন্তরিক সহযোগিতা প্রয়োজন।
তিনি পারস্পরিক সহযোগিতা, সহমর্মিতা ও সৌহার্দ্যের ভিত্তিতে একটি শান্তিপূর্ণ ও সুন্দর ফরিদগঞ্জ গড়ে তোলার প্রত্যাশা ব্যক্ত করেন।

চাঁদপুরে মুসলিম ছাত্রীকে

করেছেন হরিণা নৌ-ফাড়ি ইনচার্জ কাইয়ুম উদ্দিন চৌধুরী। তিনি জানান, একটি প্রাইভেটকারসহ স্কুলের পোশাক পরা মেয়ে এবং ছেলে আনা হয়েছে। তবে মেয়েটি মুসলিম স্কুল পড়ুয়া ছাত্রী, ছেলেটি হিন্দু পরিবারের। তারা জানায়, মোবাইলের মাধ্যমে দুজনের প্রেমের সম্পর্ক ঘরে উঠে।
মেয়ের মা সাজেদা বেগম বাদী হয়ে মামলা দায়ের করেছেন। প্রাইভেট কারের নাম্বার ঢাকা মেট্রো- গ ১২-৬৪৪১. মামলা তদন্ত করছেন এসআই ইকবাল। তবে স্থানীয়রা জানান, কুমিল্লার ঘটে যাওয়া আলোচিত শিক্ষার্থী তাসমিনকে হত্যা করা হয়েছে তাকেও চাঁদপুর থেকে নিয়ে গিয়ে এই ছেলে এই ধরনের ঘটনা ঘটে যেত। অল্পের জন্যই রক্ষা পেল বড় ধরনের দুর্ঘটনা থেকে।

শাহরাস্তিতে স্কুল ফাঁকি দিয়ে

হয় এই বিশেষ অভিযান। গোপন সংবাদের ভিত্তিতে ওয়াকওয়ে এলাকায় পুলিশ পরিদর্শনে গেলে দেখা যায়, শিক্ষাপ্রতিষ্ঠানের সময় চলাকালে একাধিক কিশোর-কিশোরী ও তরুণ-তরুণী সেখানে অপ্রয়োজনীয় আড্ডায় লিপ্ত। পুলিশ ঘটনাস্থল থেকে ১০ জন তরুণ ও ৬ জন তরুণীকে আটক করে থানায় নিয়ে আসে।
মাঠপর্যায়ে এক দশকের সাংবাদিকতার অভিজ্ঞতায় দেখা গেছে, নদী তীরবর্তী বা মনোরম পার্কভিত্তিক ওয়াকওয়েগুলোতে প্রায়শই পাঠদান চলাকালীন সময়ে শিক্ষার্থীদের উপচেপড়া ভিড় জমে। স্থানীয় সচেতন মহলের মতে, উঠতি বয়সের তরুণ-তরুণীদের এই প্রবণতা শুধু পড়াশোনাতেই ব্যাঘাত ঘটায় না, বরং অনেক ক্ষেত্রে তাদের বিভিন্ন সামাজিক অপরাধের দিকেও ধাবিত করে।
পরবর্তীতে থানায় অভিভাবকরা উপস্থিত হলে তাঁদের মুচলেকা ও সন্তানকে পড়াশোনায় নিয়মিত করার মৌখিক প্রতিশ্রুতিতে আটককৃত ১৬ শিক্ষার্থীকে নিজ নিজ অভিভাবকের জিম্মায় ছেড়ে দেয়া হয়।
অভিযান শেষ হলেও এলাকার প্রবীণ নাগরিক ও তরুণ সমাজের মন্তব্য– শুধু পুলিশের অভিযান চালিয়ে এই সংকট কমানো সম্ভব নয়। উঠতি বয়সের শিক্ষার্থীরা কোথায় যাচ্ছে, ক্লাসে উপস্থিত থাকছে কি না তা নিয়ে বিদ্যালয় প্রশাসন এবং বিশেষ করে অভিভাবকদের নজরদারি আরও জোরদার করতে হবে।

৭ মাস ধরে পানি

পাচ্ছেন না। পৌরসভার ১২টি ওয়ার্ডের মধ্যে ৬ থেকে ৯নং ওয়ার্ডের বাসিন্দারা সবচেয়ে বেশি ভোগান্তিতে রয়েছেন। পানির অভাবে রান্নাবান্না, গোসল, কাপড় ধোয়াসহ দৈনন্দিন গৃহস্থালি কার্যক্রম ব্যাহত হচ্ছে। দীর্ঘদিন ধরে এ সমস্যা চলতে থাকায় ক্ষোভ বাড়ছে গ্রাহকদের মধ্যে। একাধিকবার পৌর কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানিয়েও স্থায়ী সমাধান পাননি বলে দাবি তাঁদের। এমনকি অনেক গ্রাহক এক মাস আগে পানির বিল বন্ধের আবেদন করেও কোনো কার্যকর ব্যবস্থা পাননি বলে অভিযোগ করেছেন।
ভুক্তভোগী গ্রাহকদের ভাষ্য, সুপেয় পানি মানুষের মৌলিক চাহিদা হলেও দীর্ঘদিন ধরে তাঁরা সেই সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। যেসব এলাকায় পানি সরবরাহ করা হচ্ছে, সেখানেও ময়লাযুক্ত ও দুর্গন্ধময় পানি পাওয়া যাচ্ছে। এতে পানির ব্যবহার নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। নিয়মিত বিল পরিশোধের পরও প্রয়োজনীয় সেবা না পাওয়ায় তাঁরা দ্রুত কার্যকর পদক্ষেপ নেয়ার দাবি জানিয়েছেন।
পৌরসভা সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ব্যবহারের কারণে টিউবওয়েলগুলোর আয়ুষ্কাল শেষ হয়ে আসছে। পাশাপাশি ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়ায় পানি উত্তোলনের সক্ষমতা ৫০ শতাংশের বেশি কমেছে। পৌর এলাকার পানিতে আয়রনের পরিমাণ বেশি থাকায় টিউবওয়েলগুলোও প্রায়ই অকেজো হয়ে পড়ছে।
পানির সংকট নিরসনে ২০২১ সাল থেকে পৌরসভায় ১৮০ ঘনমিটার ধারণক্ষমতার একটি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু রয়েছে। তবে ডাকাতিয়া নদীর পানির মান খারাপ হওয়ায় এ প্ল্যান্ট থেকে কাঙ্ক্ষিত ফল পাওয়া যাচ্ছে না। নদীর পানি অতিরিক্ত দূষিত হওয়া এবং জোয়ার-ভাটার ওপর নির্ভরশীলতার কারণে পানি পরিশোধন কার্যক্রম ব্যাহত হচ্ছে বলে জানিয়েছেন হাজীগঞ্জ পৌরসভার প্রকৌশলী মাহবুব রশীদ।
তিনি জানান, পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ও সংকট নিরসনে বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) অর্থায়নে চারটি নতুন প্রোডাকশন টিউবওয়েল স্থাপনের জন্য বর্তমানে দরপত্র প্রক্রিয়া চলমান রয়েছে। পাশাপাশি বিদ্যমান ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট মেরামত, পানি সংরক্ষণ ও সরবরাহ ব্যবস্থার উন্নয়নে ওভারহেড ট্যাংক নির্মাণ এবং পুরো পৌর এলাকায় ১৫১ কিলোমিটার পাইপলাইন নতুন করে স্থাপনের পরিকল্পনা রয়েছে।
তবে এসব উদ্যোগ বাস্তবায়িত না হওয়া পর্যন্ত কবে নাগাদ স্বাভাবিক পানি সরবরাহ নিশ্চিত হবে, তা নিয়ে অনিশ্চয়তায় রয়েছেন পৌরবাসী। দ্রুত কার্যকর পদক্ষেপের মাধ্যমে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দাবি জানিয়েছেন ভুক্তভোগীরা।

মা ইলিশ রক্ষায় চাঁদপুরে

কঠোর নজরদারি জোরদার করা হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) দুপুরে কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। কোস্টগার্ড জানায়, দেশের সমুদ্র, উপকূলীয় ও নদীতীরবর্তী অঞ্চলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি মৎস্যসম্পদ রক্ষায় জাটকা নিধন প্রতিরোধ, মা ইলিশ সংরক্ষণ এবং মাছ ধরার নিষেধাজ্ঞা বাস্তবায়নে সংস্থাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।
ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে গত ৮ অক্টোবর থেকে আগামী ২৯ অক্টোবর পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ ও ক্রয়-বিক্রয় নিষিদ্ধ রয়েছে। এ নিষেধাজ্ঞা কার্যকর করতে কোস্ট গার্ডের দায়িত্বপূর্ণ এলাকায় নিয়মিত টহল ও বিশেষ অভিযান পরিচালনার পাশাপাশি গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করা হয়েছে।
এ ছাড়া জেলেদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং, লিফলেট বিতরণ ও আলোচনা সভার মাধ্যমে সরকারি নিষেধাজ্ঞা মেনে চলার আহ্বান জানানো হচ্ছে। একই সঙ্গে জেলা প্রশাসন, মৎস্য বিভাগ, অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সংশ্লিষ্ট সংস্থাগুলোর সঙ্গে সমন্বয় করে অভিযান পরিচালনা করা হচ্ছে। নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রমও অব্যাহত রয়েছে।
কোস্ট গার্ডের পক্ষ থেকে বলা হয়েছে, "আজকের সংরক্ষণই আগামী দিনের প্রাচুর্য।" মা ইলিশ রক্ষায় সরকারি নিষেধাজ্ঞা মেনে চলার পাশাপাশি সুনীল অর্থনীতিকে গতিশীল রাখতে সবাইকে সম্মিলিতভাবে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে।
মা ইলিশ সংরক্ষণে সরকারি নিষেধাজ্ঞা লঙ্ঘনসহ যেকোনো অনিয়মের তথ্য জানাতে কোস্ট গার্ডের জরুরি সেবা নম্বর ১৬১১১-এ কল করার জন্য সর্বসাধারণের প্রতি অনুরোধ জানানো হয়েছে।
ব্রিফিং প্রদানকারী কর্মকর্তা চাঁদপুর কোস্ট গার্ড স্টেশন কমান্ডার লেফটেন্যান্ট কমান্ডার মুহ্তাদিন ইসলাম (এক্স), বিএন।

মতলব উত্তরে ১০ হাজার

হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত মৎস্য অধিদপ্তর ও নৌ পুলিশ চাঁদপুর অঞ্চলের আওতাধীন মোহনপুর নৌ পুলিশ ফাঁড়ি যৌথভাবে এ অভিযান পরিচালনা করে। অভিযানে মতলব উত্তর উপজেলার মেঘনা নদীর বাহেরচর, বোরচর ও চর ওমেদ এলাকা থেকে এসব কারেন্ট জাল জব্দ করা হয়।
আটক ব্যক্তিদের মধ্যে আনোয়ার হোসেন (৪০) নামের একজনকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। অপরজন অপ্রাপ্তবয়স্ক হওয়ায় মুচলেকা নিয়ে পরিবারের জিম্মায় দেয়া হয়।
মতলব উত্তর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। জব্দ করা কারেন্ট জাল জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়। জব্দ করা নৌকাটি পরবর্তীতে নিলামে বিক্রি করা হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।
মেঘনা নদীতে অবৈধ কারেন্ট জালের ব্যবহার বন্ধ এবং মৎস্যসম্পদ রক্ষায় এ ধরনের অভিযান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

কচুয়ায় মাদকসহ যুবক

করা হয়। উদ্ধার করা ইয়াবার আনুমানিক মোট ওজন ১ দশমিক ৬ গ্রাম এবং বাজারমূল্য ৪ হাজার ৮০০ টাকা বলে উল্লেখ করেছে পুলিশ।
এ ঘটনায় চাঁদপুরের কচুয়া থানায় এফআইআর নং-১৮, তারিখ ১৩ অক্টোবর ২০২৬, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা করা হয়েছে।
পুলিশ আরও জানায়, আটক ব্যক্তিকে বুধবার (১৪ অক্টোবর) বিধি অনুযায়ী পুলিশি পাহারায় বিজ্ঞ আদালতে পাঠানো হয়েছে।

চাঁদপুরে কসমেটিকস ও শিশুদের

অধিকার সংরক্ষণ অধিদপ্তর। বুধবার (১৪ অক্টোবর) দুপুরে চাঁদপুর শহরের নাজিরপাড়া ও বিপণীবাগ এলাকায় অভিযান চালিয়ে প্রতিষ্ঠানটিকে জরিমানা করা হয়।
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান জরিমানার আদেশ দেন।
অভিযুক্ত প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে জরিমানার অর্থ পরিশোধ করে। ভবিষ্যতে এ ধরনের অনিয়ম না করার অঙ্গীকারও করে প্রতিষ্ঠানটি। এ সময় বিভিন্ন আমদানিকারকের স্টিকার ধ্বংস করা হয়।
অভিযানকালে অন্যান্য প্রতিষ্ঠানও পরিদর্শন করা হয়। ব্যবসায়ী ও সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে লিফলেট বিতরণ করা হয়।
ব্যবসায়ীদের নির্ধারিত মূল্যে পণ্য বিক্রি, ক্রয়-বিক্রয়ের ভাউচার সংরক্ষণ, দৃশ্যমান স্থানে মূল্যতালিকা প্রদর্শন এবং মেয়াদোত্তীর্ণ ওষুধ বা পণ্য বিক্রি না করার নির্দেশনা দেওয়া হয়। অবৈধভাবে পণ্য মজুত করা থেকেও বিরত থাকতে বলা হয়।
অভিযানে চাঁদপুর জেলা পুলিশের একটি দল সার্বিক সহযোগিতা করে।
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর জানিয়েছে, ভোক্তাদের স্বার্থ সুরক্ষা ও বাজারে অনিয়ম প্রতিরোধে জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

মা ইলিশ রক্ষা অভিযানে

হয়েছে। ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখতে নিষেধাজ্ঞার সময় নদীতে এই অভিযান চলছে।
নৌ পুলিশ জানিয়েছে, মঙ্গলবার সকাল সাড়ে ৮টা থেকে বুধবার সকাল পৌনে ৮টা পর্যন্ত, অর্থাৎ ২৪ ঘণ্টা ধরে চাঁদপুর সদর থানাধীন মেঘনা নদীতে অভিযান চালায় আলুর বাজার নৌ পুলিশ ফাঁড়ি। অভিযানে অবৈধ কারেন্ট জাল ব্যবহার করে মাছ ধরার সময় পাঁচ জেলেকে গ্রেপ্তার করা হয়। তাঁদের কাছ থেকে জব্দ করা হয় ৩২৫ মিটার কারেন্ট জাল। এ ছাড়া নদীতে মালিকবিহীন অবস্থায় পেতে রাখা আরও ৮ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল উদ্ধার করা হয়।
গ্রেপ্তার হওয়া পাঁচ জেলের বিরুদ্ধে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইনের পৃথক ধারায় পাঁচটি মামলার কার্যক্রম চলছে। অন্যদিকে নদী থেকে উদ্ধার করা ৮ হাজার মিটার জাল সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার নির্দেশে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়েছে। অভিযানে উদ্ধার হওয়া ১০ কেজি ইলিশ অসহায় ও দুস্থ মানুষ এবং স্থানীয় এতিমখানায় বিতরণ করা হয়েছে। নিষিদ্ধ সময়ে মাছ ধরার অভিযোগে চার অপ্রাপ্তবয়স্ক কিশোরকেও আটক করে নৌ পুলিশ ফাঁড়িতে নেওয়া হয়। পরে মুচলেকা নিয়ে তাদের ছেড়ে দেয়া হয়।
চাঁদপুর সদর উপজেলার জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা মির্জা ওমর ফারুক বলেন, মা ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখতে নিষেধাজ্ঞা চলাকালে নদীতে অবৈধভাবে মাছ ধরা বন্ধে জেলা ও উপজেলা টাস্কফোর্সের অভিযান অব্যাহত রয়েছে।

ঢাকা থেকে সৌদিগামী ৮৯ ফ্লাইট

বিমানবন্দরে হুতি হামলায় ১৮ জন নিহত হন। এরপর বিমানবন্দরের কার্যক্রম বন্ধ হয়ে যায়। সৌদি আরবের বিমানবন্দর ও জ্বালানি স্থাপনায় সাম্প্রতিক হামলার পর সানার বাসিন্দাদের এলাকা ছাড়ার নির্দেশও দেয় সৌদি নেতৃত্বাধীন জোট।
ক্রমাগত হামলার মুখে আন্তর্জাতিক ফ্লাইট চলাচল ব্যাহত হওয়ায় রিয়াদের কিং খালেদ আন্তর্জাতিক বিমানবন্দর ১৭ অক্টোবর পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে।
যাত্রী নিরাপত্তা বিবেচনায় বিমান বাংলাদেশও ১৭ অক্টোবর পর্যন্ত ঢাকা-রিয়াদ ও ঢাকা-দাম্মামগামী সব ফ্লাইট স্থগিত করেছে। যথাসময়ে নতুন সময়সূচি ও পরবর্তী সিদ্ধান্ত যাত্রীদের জানিয়ে দেওয়া হবে বলে জানিয়েছে বিমান। জরুরি প্রয়োজনে জেদ্দা ও মদিনা বিমানবন্দর ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে।
ইউএস-বাংলা এয়ারলাইনস ২১ অক্টোবর পর্যন্ত ঢাকা-রিয়াদ ফ্লাইট চলাচল স্থগিত করেছে।

চাঁদপুরে ৩৫ পূজামণ্ডপে

দায়িত্ব পালন করবেন। পূজামণ্ডপের নিরাপত্তা নিশ্চিত করতে এ উদ্যোগ নেয়া হচ্ছে। বিগত বছরগুলোতে এ ধরনের ব্যবস্থা ছিল না বলে তিনি উল্লেখ করেন।
শেখ ফরিদ আহম্মেদ মানিক আরও বলেন, দুর্গাপূজা যেন আনন্দময় ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়, সে জন্য সবার সহযোগিতা প্রয়োজন। ধর্ম যার যার, উৎসব সবার–এ চেতনায় পারস্পরিক শ্রদ্ধা, সহনশীলতা ও সম্প্রীতি বজায় রেখে পূজা উদযাপন করতে হবে।
অসহায় ও দরিদ্র মানুষের সহায়তার বিষয়ে তিনি বলেন, চাঁদপুর সদর ও হাইমচরের অসহায় মানুষের মধ্যে মোট ১ হাজার শাড়ি বিতরণ করা হবে। এর মধ্যে চাঁদপুর সদরে ৭০০টি এবং হাইমচরে ৩০০টি শাড়ি দেয়া হবে। সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে দাঁড়ানো এবং উৎসবের আনন্দ সবার মধ্যে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যেই এ উদ্যোগ নেয়া হয়েছে।।
চাঁদপুর পৌরসভার বর্তমান প্রশাসক দেবাশীষ চৌধুরী সভাপতিত্বে এবং চাঁদপুর পৌরসভার নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ নূর আজম আখতার শরীফ পরিচালনায় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি সুভাষ চন্দ্র রায়, সাধারণ সম্পাদক তমাল কুমার ঘোষ, চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হযরত আলী ঢালী প্রমুখ।
সবশেষে ৩৫টি পূজা মন্ডপ কমিটির কাছে ১০ হাজার টাকা করে অনুদান প্রদান করে চাঁদপুর পৌরসভা।

কচুয়ায় শারদীয় দুর্গাপূজা

আতাউল করিম এবং উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক হাবিবুন নবী সুমন। এ ছাড়া সভায় উপস্থিত ছিলেন উপজেলা পূজা উদ্যাপন পরিষদের সভাপতি ফনি ভূষণ মজুমদার তাপু, সাধারণ সম্পাদক বিকাশ সাহা, সাচার দুর্গাপূজা মন্দির কমিটির প্রতিনিধি বটু কৃষ্ণ, কচুয়া উপজেলা হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি প্রাণধন দেব ও সাধারণ সম্পাদক প্রিয়তুষ পোদ্দারসহ বিভিন্ন পূজামণ্ডপের নেতৃবৃন্দ।
সভায় দুর্গাপূজা চলাকালে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, পূজামণ্ডপে শৃঙ্খলা বজায় রাখা এবং নির্বিঘ্নে ধর্মীয় আচার-অনুষ্ঠান সম্পন্ন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। পাশাপাশি প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও পূজা উদ্যাপন কমিটির মধ্যে সমন্বয়ের মাধ্যমে উৎসবকে শান্তিপূর্ণ ও আনন্দঘন করে তোলার ওপর গুরুত্ব দেওয়া হয়।
সভায় সংশ্লিষ্ট ব্যক্তিরা আশা প্রকাশ করেন, সবার সহযোগিতা ও পারস্পরিক সম্প্রীতির মধ্য দিয়ে কচুয়ায় শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদ্যাপিত হবে।

হাইমচরে গ্রামীণ সড়কব্যবস্থা

সভাপতিত্ব করেন হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) প্রকৌশলী আশরাফুল হাসান।
কর্মশালায় উপজেলার গুরুত্বপূর্ণ সড়কগুলো চিহ্নিত করা, যোগাযোগব্যবস্থার উন্নয়নে অগ্রাধিকার নির্ধারণ এবং কোর রোড নেটওয়ার্কের আওতায় সড়কগুলোর উন্নয়ন পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। বিশেষ করে তিনটি প্রধান সড়ক ২৪ ফুট প্রশস্ত করার প্রাথমিক প্রস্তাব নিয়ে মতবিনিময় করেন সংশ্লিষ্ট কর্মকর্তারা ও জনপ্রতিনিধিরা।

হারিয়েছে

আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ নজরুল ইসলাম (৪৫), পিতাঃ মোঃ আলী হোসেন, মাতাঃ সিরজা খাতুন, জাতীয় পরিচয় পত্র নং- ১৯৮১১৩১৭৬৮২০৮৯৯৬১, ঠিকানা (স্থায়ী) হাজী বাড়ী, গ্রাম-খর্গপুর, থানা- মতলব দক্ষিণ, জেলা- চাঁদপুর।
আমার সাথে থাকা নিজ নামে ব্যবসা প্রতিষ্ঠানের মূল ড্রাগ লাইসেন্সটি অজ্ঞাত স্থানে হারিয়া যায়। যাহার লাইসেন্স নং-২৪৪৭, মতলব দক্ষিণ থানায় জিডি নং-৩৩৪, তারিখঃ ০৭/১০/২০২৬ খ্রিঃ।
-মোঃ নজরুল ইসলাম

ছাত্র-যুব ও প্রবাসী সমাজ

চৌধুরী। বিদ্যালয়ের সভাপতি মোঃ জাহাঙ্গীর আলম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রধান শিক্ষক এমিলি খান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শাহমাহমুদপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপির সভাপতি স্বপন মাহমুদ, অতিথি হিসেবে বক্তব্য রাখেন মান্দারী ফাজিল ডিগ্রি মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা নেছার আহমাদ, মান্দারী ফাজিল ডিগ্রি মাদ্রাসা ও উক্ত বিদ্যালয়ের সভাপতি মোঃ আওলাদ হোসেন মোল্লা, মান্দারী ছাত্র-যুব ও প্রবাসী সমাজ কল্যাণ সংস্থার প্রধান উপদেষ্টা ও শিক্ষানুরাগী সিদ্দিকী মহসীন পাটওয়ারী। উক্ত বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ খবির উদ্দিন ও উত্তম কুমার এর যৌথ উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন বক্তব্য রাখেন উক্ত বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী মাহবুব মোল্লা, রাবেয়া মুন্নি প্রমুখ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী শিক্ষা অফিসার সেলিনা বেগম, মান্দারী ফাজিল ডিগ্রি মাদ্রাসার উপাধ্যক্ষ মোঃ মিজানুর রহমান, চাঁদপুর জেলা প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতির সভাপতি শামীম হোসেন মিজি, সদর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবুল হাসেম খান, সাংগঠনিক সম্পাদক ইদ্রিস আলী, ধলাইতলী জনতা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ লোকমান হোসেন পাটওয়ারী, লোধেরগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আলহাজ্ব আব্দুল কাইয়ূম ফারুকী, শাহমাহমুদপুর ইউনিয়ন প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন মিজি সহ বিভিন্ন পর্যায়ের সুধীজন, অভিভাবক ও প্রাক্তন শিক্ষার্থীবৃন্দ। এর আগে মানপত্রপাঠ করেন প্রাক্তন শিক্ষার্থী ইসরাত জাহান মুন্নি। শুরুতে কোরআন থেকে তেলোয়াত করেন হাফেজ মোঃ সোহেল।

ফরিদগঞ্জে অগ্নিকান্ডে বসতঘর

মধ্যেই আগুন পুরো ঘরে ছড়িয়ে পড়ে। স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা চালানোর পাশাপাশি ফায়ার সার্ভিসে খবর দেন।

সংবাদ পেয়ে ফরিদগঞ্জ ফায়ার সার্ভিসের দলনেতা কামরুল হাসানের নেতৃত্বে ফায়ার সার্ভিসের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের সহায়তায় প্রায় এক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। তবে ফায়ার সার্ভিস পৌঁছানোর আগেই ঘরের ভেতরে থাকা মালামালসহ পুরো অবকাঠামো পুড়ে ছাই হয়ে যায়।

ক্ষতিগ্রস্ত গৃহকর্তা মো. আবুল হোসেন জানান, কাজের প্রয়োজনে তিনি ঢাকায় অবস্থান করছিলেন। অগ্নিকাণ্ডের সময় ঘরে কেউ না থাকায় কোনো প্রাণহানি ঘটেনি, তবে ঘরে থাকা কোনো মালামালই রক্ষা করা সম্ভব হয়নি।

হাজীগঞ্জ ডিগ্রি কলেজে

কার্যক্রমে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বই তুলে দেওয়া হয়। আর্থিক সীমাবদ্ধতার কারণে যাতে কোনো শিক্ষার্থী প্রয়োজনীয় শিক্ষা উপকরণ থেকে বঞ্চিত না হয়,সে বিষয়টি বিবেচনায় নিয়েই এ উদ্যোগ নেওয়া হয়েছে বলে সংশ্লিষ্টরা জানান।

বই বিতরণ কার্যক্রমে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ আনোয়ার উল্ল্যাহ, বিদ্যোৎসাহী সদস্য এসএম আক্তার হোসেন ও মো. এমরান হোসেন, অভিভাবক সদস্য মো. আব্দুল হান্নান মুন্সী, শিক্ষক প্রতিনিধি মোহাম্মদ মাকছুদুর রহমান, শিক্ষক পরিষদের সম্পাদক মো. বেলাল হোসেন, সহকারী অধ্যাপক তোহিদা আক্তার এবং প্রভাষক শাহ এমরান।

জাতীয় সাংবাদিক সংস্থার প্রতিষ্ঠাতার

মিলাদ মাহফিলে অংশ নেন সাপ্তাহিক হাজীগঞ্জের ভারপ্রাপ্ত সম্পাদক আব্দুল গণি, শাহী জামে মসজিদের সহ-সভাপতি আলহাজ্ব নাজিমুদ্দিন মিজান মিজি, আলহাজ্ব কামালউদ্দিন পাটোয়ারী বীর মুক্তিযোদ্ধা ও নাসির আহমদ খানসহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ।



বাবুরহাট কলেজে মকবুল-রাজিয়া

ছিলেন দৈনিক চাঁদপুর কণ্ঠের প্রধান সম্পাদক রোটারিয়ান কাজী শাহাদাত। সভাপতিত্ব করেন বাবুরহাট উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ মো. মোশাররফ হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের সহকারী অধ্যাপক হুমায়ুন কবির, মামুনুর রহমান, মো. মাসুম পাটওয়ারী এবং মো. রাসেল মিয়া।

ফাউন্ডেশনের উদ্যোগে বাবুরহাট কলেজের ৬জন মেধাবী শিক্ষার্থীর মাঝে শিক্ষাবৃত্তির অংশ হিসেবে উপকরণ ক্রয়ে নগদ ২ হাজার টাকা করে এবং লায়ন মাহমুদ হাসান খানের রচিত ‘জীবনের গল্প’ বইটি উপহার হিসেবে তুলে দেন অতিথিবৃন্দ এবং আর প্রতি মাসে নগদ এক হাজার টাকা করে প্রদানের ঘোষণা দেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- কানিজ ফাতেমা, মারিয়া আক্তার, সুমাইয়া আক্তার, ইসরাত জাহান রিয়া, নাদিয়া নিসা ও জাহিদ হাসান।

শিক্ষাঙ্গনকে মাদকমুক্ত করতে

ঝুঁকি তৈরি হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি এডভোকেট মোহাম্মদ তৌহিদুল ইসলাম তরুণ, ব্যাংকার মজিবুর রহমান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী প্রসিকিউটর মো. মাসুম আলম এবং দৈনিক বাংলাদেশের আলো পত্রিকার চাঁদপুর জেলা প্রতিনিধি, চাঁদপুর জেলা ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক এবং বিজয়ী নারী উন্নয়ন সংস্থার উপদেষ্টা সাইদ হোসেন অপু চৌধুরী, বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শম্ভু নাথ নন্দী, সংগঠক ও ক্রীড়াবিদ মিজানুর রহমান।

ইসলামাবাদে বেগম জিয়া স্মৃতি

পদপ্রার্থী মনির পাটোয়ারী প্রমুখ। সার্বিক সহযোগিতায় ছিলেন মোঃ মোস্তফা প্রধান, মোঃ আবুল প্রধান, মোঃ কবির হোসেন প্রধানসহ আরো অনেকে। খেলায় অংশগ্রহণ করে মিলারচর জুনিয়র একাদশ বনাম পশ্চিম সুজাতপুর স্টার স্পোর্টিং ক্লাব। খেলা চলাকালীন কোন গোল করতে পারে নি। পরে ট্রাইব্রেকারে ২-০ গোলে সুজাতপুর স্টার স্পোর্টিং ক্লাব বিজয়ী হয়েছে।

ব্যায়াম না করেই নিয়ন্ত্রণ করুণ আপনার ওজন

দিগন্ত ডেস্ক

আমরা অনেকেই মনে করি ওজন ঠিক রাখতে হলে খাবার পরিমাণে কম খেলেই তা যথেষ্ট। তবে, এই ধারণা সম্পূর্ণ ভুল। এমনকি ব্যক্তিভেদে খাবার খাওয়ার পরিমাণও আলাদা হবে। আবার যারা ব্যস্ত তারা ব্যায়াম করার সময় পান না। ব্যায়াম না করেও ওজন নিয়ন্ত্রণ করা যায়। একজন মানুষের উচ্চতা যদি ১৬৫ সেন্টিমিটার হয় এবং তার ওজন ৬৫ কেজি হয়, তাহলে নিজের জন্য উপযুক্ত ওজনের কাছাকাছি থাকাটা গুরুত্বপূর্ণ। কিন্তু ওজন ধরে রাখার নিয়ম সবার জন্য এক নয়। একজন রিকশাচালক সারাদিন শারীরিক পরিশ্রম করেন। তার ক্যালোরির চাহিদা একজন ব্যাংক কর্মকর্তার তুলনায় বেশি হতে পারে। অন্যদিকে, ব্যাংকে বসে কাজ করা একজন মানুষের শারীরিক কর্মকাণ্ড কম। তাই দুজনের খাবারের পরিমাণ ও দৈনিক ক্যালোরির চাহিদাও এক হবে না। মূল বিষয় হলো আপনি যত ক্যালোরি খরচ করছেন, আপনার খাবারের পরিমাণ ও ক্যালোরির ভারসাম্য তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। তবে শুধু ক্যালোরি হিসাব করলেই হবে না। আমাদের খাওয়ার অভ্যাস, শারীরিক পরিশ্রম এবং দৈনন্দিন আচরণ-সবকিছুর দিকে নজর দিতে হবে।

অতিরিক্ত খাওয়া থেকে সতর্ক থাকুন

চাইনিজ রেস্টুরেন্ট, পার্টি বা কোনো অনুষ্ঠানে গেলে অনেক সময় প্রয়োজনের তুলনায় বেশি খাওয়া হয়ে যায়। তাই খাবারের সময় নিজের পরিমাণের দিকে খেয়াল রাখা জরুরি।

নিয়মিত হাঁটুন ও নড়াচড়া করুন

যারা দীর্ঘ সময় বসে কাজ করেন, তাদের নিয়মিত বিরতি নিয়ে উঠে দাঁড়ানো ও হাঁটার অভ্যাস করা উচিত। প্রয়োজনে প্রতি ৩০ মিনিটে কিছুক্ষণ দাঁড়ানো এবং দীর্ঘ সময় বসে থাকার পর হাঁটাহাঁটি করা যেতে পারে। ব্যায়ামের জন্য সবসময় জিমে যেতে হবে বিষয়টি এমন নয়। নিয়মিত হাঁটা, সিঁড়ি ব্যবহার করা কিংবা দৈনন্দিন কাজের মধ্যে শারীরিক কর্মকাণ্ড বাড়ানোও গুরুত্বপূর্ণ।

অভ্যাস পরিবর্তন করাই আসল চ্যালেঞ্জ

ওজন নিয়ন্ত্রণ একদিনের কাজ নয়। বারবার মনে করিয়ে দেওয়া, নিজের অগ্রগতি দেখা এবং নিয়মিত অনুসরণ করলে ভালো অভ্যাস তৈরি করা সহজ হয়।

ওজনের পাশাপাশি রক্তচাপ ও রক্তের শর্করার দিকেও নজর দিন

নিজের ওজন, রক্তচাপ ও রক্তের শর্করা নিয়মিত পর্যবেক্ষণ করা স্বাস্থ্যকর জীবনযাপনের গুরুত্বপূর্ণ অংশ। অতিরিক্ত লবণ এড়িয়ে চলা এবং অতিরিক্ত মিষ্টি খাবার কমানোও উপকারী হতে পারে।

সুস্থ থাকার জন্য বড় কোনো পরিবর্তনের অপেক্ষা নয়, বরং প্রতিদিনের ছোট ছোট অভ্যাসই তৈরি করতে পারে বড় পরিবর্তন।

লেখক: অধ্যাপক ডা. খাজা নাজিম উদ্দিন; মেডিসিন ও ডায়াবেটিস বিশেষজ্ঞ

কলা খাওয়ার পরপরই পানি খেলে যা ঘটে শরীরে

দিগন্ত ডেস্ক

কলা খাওয়ার পর পানি পান করা নিয়ে নানা ধরনের সতর্কবার্তা শুনতে পাওয়া যায়। বাড়ির বয়স্কদের অনেকেই বলেন, কলা খাওয়ার সঙ্গে সঙ্গে পানি পান করলে নাকি পেটে গ্যাস, পেট ফাঁপা কিংবা অ্যাসিডিটির সমস্যা হতে পারে। সাধারণভাবে সুস্থ একজন মানুষ কলা খাওয়ার পর পানি পান করলে বিশেষ কোনও সমস্যা হওয়ার কথা নয়। কলা শুধু পেট ভরানোর ফল নয়, এর মধ্যে রয়েছে একাধিক গুরুত্বপূর্ণ পুষ্টি উপাদান। পটাশিয়াম শরীরের স্বাভাবিক পেশি ও স্নায়ুর কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অন্যদিকে, ভিটামিন সি ও এ শরীরের বিভিন্ন স্বাভাবিক কার্যক্রমে প্রয়োজনীয়। ভিটামিন বি৬-ও শরীরের জন্য গুরুত্বপূর্ণ একটি পুষ্টি উপাদান। তবে কিছু মানুষের ক্ষেত্রে নির্দিষ্ট খাবার খাওয়ার পর পেট ফাঁপা, গ্যাস বা অস্বস্তি হতে পারে। সেক্ষেত্রে বিষয়টি কলা ও পানির সংমিশ্রণের চেয়ে ব্যক্তিগত হজমের সমস্যা বা খাবার সহ্য করার ক্ষমতার সঙ্গে বেশি সম্পর্কিত হতে পারে।

কলা খাওয়ার পর পানি পান করা কি ক্ষতিকর?

কলা খাওয়ার পর পানি পান করলে হজমে সমস্যা হবে-এমন ধারণা বহুদিনের। অনেকের বিশ্বাস, কলা ও পানি একসঙ্গে খেলে পেটে গ্যাস তৈরি হয় কিংবা অ্যাসিডিটির সমস্যা বাড়ে। কিন্তু বাস্তবে সুস্থ ব্যক্তির ক্ষেত্রে এমন প্রতিক্রিয়া হওয়া স্বাভাবিক নয়। তাই কলা খাওয়ার পর তৃষ্ণা পেলে পানি পান করা একেবারে নিষেধ-এমন কোনো সাধারণ নিয়ম নেই। তবে খাওয়ার পর পেট ভার লাগা বা অস্বস্তি হলে কিছুক্ষণ অপেক্ষা করে পানি পান করতে পারেন। নিজের শরীরের প্রতিক্রিয়া লক্ষ্য করাও গুরুত্বপূর্ণ।

কলায় রয়েছে কী কী পুষ্টি?

কলা শুধু পেট ভরানোর ফল নয়, এতে রয়েছে শরীরের প্রয়োজনীয় বেশ কিছু পুষ্টি উপাদান। কলায় কার্বোহাইড্রেট, ফাইবার, পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, কপার এবং ভিটামিন সি, এ ও বি৬ রয়েছে। এর ফাইবার পরিপাকতন্ত্রের স্বাভাবিক কার্যক্রমে সহায়তা করতে পারে। বিশেষ করে পটাশিয়াম শরীরের স্বাভাবিক পেশি ও স্নায়ুর কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভিটামিন বি৬-ও শরীরের নানা স্বাভাবিক জৈবিক প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয়। ফলে প্রতিদিনের সুষম খাদ্যতালিকায় কলা সহজেই জায়গা করে নিতে পারে।

কখন খেতে পারেন কলা?

সকালের নাশতায় কলা রাখা যেতে পারে। দই, ওটস, বাদাম কিংবা অন্য কোনও পুষ্টিকর খাবারের সঙ্গে কলা খেলে নাশতাটি আরও পরিপূর্ণ হতে পারে। ব্যায়ামের আগে বা পরেও অনেকে কলা খান।

কলা খাওয়ার পর পানি পান করলেই সবার পেট খারাপ হবে-এমন ধারণা ঠিক নয়। তবে নিজের শরীরে কোনো খাবারের পর বারবার গ্যাস, পেট ফাঁপা বা অস্বস্তি দেখা দিলে বিষয়টি লক্ষ্য করা জরুরি। প্রয়োজন হলে চিকিৎসক বা পুষ্টিবিদের পরামর্শ নেওয়াই ভালো।

জেনে নিন অ্যালার্ম ছাড়াই ঘুম থেকে ওঠার সহজ উপায়

দিগন্ত ডেস্ক

প্রতিদিন সকালে অ্যালার্মের শব্দে ঘুম ভাঙা অনেকের কাছেই বিরক্তিকর। অ্যালার্ম বন্ধ করে আবার ঘুমিয়ে পড়া, কয়েকবার ‘স্নুজ’ চাপা কিংবা ঘুম থেকে উঠে সারাদিন ঝিমঝিম করা এসব অভ্যাসের কারণে সকালটা নষ্ট হয়ে যেতে পারে। তবে শরীরের নিজস্ব একটি জৈবিক ঘড়ি রয়েছে, যাকে সার্কাডিয়ান রিদম বলা হয়। নিয়ম মেনে চললে এই ঘড়ির সঙ্গে অভ্যস্ত হয়ে অ্যালার্ম ছাড়াই নির্দিষ্ট সময়ে ঘুম থেকে ওঠার অভ্যাস তৈরি করা সম্ভব।

প্রতিদিন একই সময়ে ঘুম ও ওঠা

অ্যালার্ম ছাড়া ঘুম থেকে ওঠার সবচেয়ে গুরুত্বপূর্ণ শর্ত হলো প্রতিদিন একই সময়ে বিছানায় যাওয়া এবং ঘুম থেকে ওঠা। ছুটির দিনেও সময়ের খুব বেশি পরিবর্তন না করাই ভালো। কয়েক সপ্তাহ নিয়ম মেনে চললে শরীর নির্দিষ্ট সময়ের কাছাকাছি ঘুম ভাঙার সঙ্গে মানিয়ে নিতে পারে। তবে শুধু ওঠার সময় ঠিক করলেই হবে না। আপনার বয়স ও ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী পর্যাপ্ত ঘুম নিশ্চিত করতে হবে। প্রাপ্তবয়স্কদের সাধারণত প্রতি রাতে ৭ থেকে ৯ ঘণ্টা ঘুমের প্রয়োজন হয়।

সকালে আলোতে থাকুন

সকালের প্রাকৃতিক আলো শরীরের জৈবিক ঘড়ি ঠিক রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ঘুম থেকে ওঠার পর পর্দা সরিয়ে জানালা দিয়ে বাইরের আলো নেওয়া বা কিছুক্ষণ বাইরে থাকা শরীরকে দিন শুরু হওয়ার সংকেত দিতে সাহায্য করতে পারে। অন্যদিকে রাতে অতিরিক্ত উজ্জ্বল আলো, বিশেষ করে ঘুমের আগে দীর্ঘ সময় স্ক্রিনের দিকে তাকিয়ে থাকা ঘুমের সময়সূচিকে বিঘ্নিত করতে পারে। তাই শোয়ার আগে মোবাইল, কম্পিউটার বা টিভির ব্যবহার কমানো ভালো।

রাতে ক্যাফেইন ও ভারী খাবার এড়িয়ে চলুন

বিকেল বা সন্ধ্যার পর বেশি চা, কফি কিংবা ক্যাফেইনযুক্ত পানীয় খেলে অনেকের ঘুম আসতে দেরি হতে পারে। একইভাবে ঘুমানোর ঠিক আগে অতিরিক্ত ভারী খাবার খেলে অস্বস্তি তৈরি হতে পারে। ফলে ঘুমের মান খারাপ হয়ে পরদিন সকালে স্বাভাবিক সময়ে ওঠাও কঠিন হতে পারে।

দিনের বেলায় শরীরকে সক্রিয় রাখুন

নিয়মিত হাঁটা বা শরীরচর্চা ঘুমের মান ভালো রাখতে সাহায্য করতে পারে। তবে ঘুমানোর একেবারে আগে খুব কঠিন ব্যায়াম না করাই ভালো। দিনের বেলায় পর্যাপ্ত শারীরিক কার্যকলাপ থাকলে রাতে শরীর স্বাভাবিকভাবেই বিশ্রামের জন্য প্রস্তুত হয়।

ঘুমের পরিবেশ ঠিক রাখুন

শান্ত, অন্ধকার এবং আরামদায়ক ঘর ঘুমের জন্য উপযোগী। ঘরে অতিরিক্ত শব্দ, আলো কিংবা বেশি গরম থাকলে ঘুম বারবার ভেঙে যেতে পারে। তাই নিজের জন্য আরামদায়ক ঘুমের পরিবেশ তৈরি করাও জরুরি।

জোর করে অ্যালার্ম বাদ দেবেন না

সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, অ্যালার্ম ছাড়া ওঠার অভ্যাস তৈরি করতে গিয়ে ঘুমের সময় কমিয়ে দেওয়া যাবে না। পর্যাপ্ত ঘুমের পরও যদি নিয়মিত ঘুম ভাঙতে অত্যন্ত কষ্ট হয়, সারাদিন অতিরিক্ত ঘুম পায় বা রাতে বারবার ঘুম ভেঙে যায়, তাহলে বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা উচিত। প্রয়োজন হলে চিকিৎসকের পরামর্শ নেওয়া ভালো।

অ্যালার্ম ছাড়াই ঘুম থেকে ওঠা আসলে কোনো জাদুর কৌশল নয়। নিয়মিত ঘুমের সময়, পর্যাপ্ত বিশ্রাম, সকালের আলো এবং স্বাস্থ্যকর জীবনযাপনের মাধ্যমে শরীরের জৈবিক ঘড়িকে একটি নির্দিষ্ট ছন্দে অভ্যস্ত করাই এর মূল চাবিকাঠি।

লিভারের চর্বি কমাতে সকালের খাবার

দিগন্ত ডেস্ক

ফ্যাটি লিভার নিয়ন্ত্রণে প্রতিদিন সকালের নাশতায় ফাইবার, প্রোটিন ও অ্যান্টি-অক্সিডেন্টসমৃদ্ধ খাবার রাখা উচিত। আর ওটস, টকদই কিংবা গ্রিক ইয়োগার্ট, চিয়া বীজসহ নানা ধরনের বেরি ও ফল, ডিম, বাদাম এবং গ্রিন টি। কারণ এসব খাবারে বাড়তি নজর দেওয়া উচিত। বিশেষ করে দিনের শুরুতে যা খাওয়া হয়, তা সামগ্রিক খাদ্যাভ্যাসে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ সমস্যায় ফ্যাটি লিভার নিয়ন্ত্রণে খাবারের প্রতি অতিরিক্ত চিনি ও প্রক্রিয়াজাত খাবার এড়িয়ে চলা উচিত। আর সে কারণে ফাইবার ও প্রোটিনসমৃদ্ধ খাবার বেছে নেওয়ার পরামর্শ দিয়েছেন চিকিৎসক সৌরভ শেঠি। ফ্যাটি লিভারের সমস্যা সমাধানে যেসব খাবার সকালের নাশতায় খাওয়া উচিত- চিয়া বীজে ফাইবার ও ওমেগা-৩ ফ্যাট থাকে। এর সঙ্গে বেরি ও বাদাম যোগ করলে অ্যান্টি-অক্সিডেন্ট ও স্বাস্থ্যকর ফ্যাট পাওয়া যায়। আগের রাতে তৈরি করে রাখলে এটি দ্রুত সকালের নাশতা হিসেবে খেতে পারেন।

দ্বিতীয়ত চিনি ছাড়া প্লেন গ্রিক দইয়ের সঙ্গে ব্লুবেরি ও বাদাম খেতে পারেন। এতে প্রোটিন ও স্বাস্থ্যকর ফ্যাটের পাশাপাশি অ্যান্টি-অক্সিডেন্ট পাওয়া যায়। অন্ত্র ও লিভারের স্বাস্থ্যের জন্য এ ধরনের খাবার ভীষণ উপকারী হতে পারে। ডা. শেঠি ইনস্ট্যান্ট ফ্লেভারযুক্ত ওটসের পরিবর্তে রোলড বা স্টিল-কাট ওটস বেছে নেওয়ার পরামর্শ দিয়েছেন। ওটসে থাকা দ্রবণীয় ফাইবার দীর্ঘ সময় পেট ভরা রাখতে সাহায্য করে। এবং এর সঙ্গে প্রোটিন ও বেরি যোগ করলে নাশতাটা আরও বেশি পুষ্টিকর সমৃদ্ধ হয়।

আর মুগ ডাল দিয়ে তৈরি প্যানকেকে উদ্ভিজ্জ প্রোটিন ও ফাইবার রয়েছে। এটি গ্লুটেনমুক্ত একটি নাশতা হিসেবে খাওয়া যায়। পুষ্টিগুণ বাড়াতে এর সঙ্গে দই বা পুদিনা চাটনি রাখা যেতে পারে। তবে রান্নায় সরিষা বা অ্যাভোকাডো তেল ব্যবহারের পরামর্শ দিয়েছেন চিকিৎসকরা। এ ছাড়া হোল গ্রেন বা স্প্রাউটেড ব্রেডের সঙ্গে অ্যাভোকাডো স্বাস্থ্যকর ফ্যাট ও ফাইবারের ভালো সমন্বয় তৈরি করে। এটি রক্তে শর্করার ভারসাম্য ও লিভারের স্বাস্থ্যের জন্য উপকারী খাদ্যাভ্যাসের অংশ হতে পারে।

টোফুর সঙ্গে পেঁয়াজসহ নানা শাকসবজি দিয়ে তৈরি করা যায় এ নাশতা। এতে তুলনামূলক কম ক্যালোরিতে প্রোটিন পাওয়া যায়। ডা. শেঠি প্রদাহবিরোধী উপাদানের জন্য এতে হলুদ ও গোলমরিচ যোগ করার পরামর্শ দিয়েছেন।

ফ্যাটি লিভারের সমস্যা সমাধানে শুধু একটি খাবারের ওপর নির্ভর না করে সামগ্রিক খাদ্যাভ্যাসে পরিবর্তন আনা গুরুত্বপূর্ণ। সকালের নাশতায় অতিরিক্ত চিনি, মিষ্টিজাতীয় খাবার এবং অতিরিক্ত প্রক্রিয়াজাত খাবারের পরিবর্তে ফাইবার ও প্রোটিনসমৃদ্ধ খাবার বেছে নিন।

পদত্যাগ করিনি, মুচলেকাও দিইনি ক্যাম্পাসে ফিরব: চুয়েট ভিসি

নিজস্ব প্রতিবেদক

টানা ৩০ ঘণ্টা অবরুদ্ধ থাকার পর জেলা প্রশাসক ও জেলা পুলিশ সুপারের সহায়তায় ক্যাম্পাস ছেড়ে যাওয়া চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শেখ শরীফুল আলম বলেছেন, তিনি পদত্যাগ করেননি এবং কোনো মুচলেকাও দেননি। ‘সুস্থ হয়ে’ ফের দায়িত্ব পালন করতে চান তিনি; পাশাপশি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করবেন বলেও জানিয়েছেন এই উপাচার্য। বুধবার চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন চুয়েট উপাচার্য অধ্যাপক শেখ শরীফুল আলম দুপুরে হোয়াটসঅ্যাপে র সঙ্গে এ বিষয়ে কথা বলেন। এর আগে দায়িত্বে যোগদানের ১৭ দিন পর সোমবার সকালে প্রথমবারের মত চুয়েট ক্যাম্পাস নিজ কার্যালয়ে যান শেখ শরীফুল আলম। সেখানে আগের উপাচার্য অধ্যাপক আবু সাদাত মুহাম্মদ সায়েমকে পুনর্বহালের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা তার কার্যালয়ের নিচে অবস্থান নেয়। পরে ওইদিন বেলা সাড়ে ১২টার দিকে উপাচার্য ভবনে তালা দেয় আন্দোলনরত শিক্ষার্থীরা। সেই থেকে কার্যালয়ে উপাচার্যসহ মোট ১২ জন অবরুদ্ধ হয়ে পড়েন। পরদিন মঙ্গলবার দুপুরে উপাচার্য শেখ শরীফুল আলম বলেন, তিনি বুকে ব্যথা অনুভব করছেন এবং প্রশাসনের সহায়তা চেয়েছেন। পরে সন্ধ্যায় চট্টগ্রামের জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা ও জেলা পুলিশ সুপার মো. মাসুদ আলমের সহায়তায় তিনি অবরুদ্ধ অবস্থা থেকে মুক্ত হন। উপাচার্য ভবন থেকে বের হওয়ার সময় প্রশাসনের শীর্ষ কর্তাদের উপস্থিতিতে শিক্ষার্থীদের পক্ষ থেকে হ্যান্ডমাইকে ঘোষণা দেওয়া হয়, “আমাদের নবনিযুক্ত ভিসি যিনি লুকিয়ে এই চুয়েটে প্রবেশ করেছিলেন। আজকে এই চুয়েট থেকে উনি জেলা প্রশাসনের মাধ্যমে বের হয়ে যাচ্ছেন, একটা মাত্র শর্তে। উনি আর কখনো এই চুয়েটের মাটিতে পা রাখবেন না।” এরপর পুলিশ প্রহরায় উপাচার্য গাড়িতে উঠেন। সেসময় শিক্ষার্থীরা ‘ভুয়া ভুয়া’ স্লোগান দিতে থাকে। পরে পুলিশ প্রহরায় উপাচার্যকে মঙ্গলবার রাতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। বুধবার সকালে শারীরিক অবস্থার কথা জানতে চাইলে উপাচার্য শেখ শরীফুল আলম বলেন, “গতকালের চেয়ে একটু ভালো আছি। প্রেসার নরমাল আছে। মাথা ব্যথা কম। বুকে ব্যথাও আগের তুলনায় কম। অন্যান্য পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে। আজও চিকিৎসকরা আসবেন। উনারা যেভাবে পরামর্শ দেন সেভাবে চিকিৎসা চলবে।” ক্যাম্পাস ছাড়ার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, “সোমবার দুপুর ১২টার পর থেকে বিদ্যুৎবিহীন থাকার ফলে আমাদের যে অমানবিক কষ্টের ভিতর দিয়ে যেতে হয়েছে তারই পরিপ্রেক্ষিতে এক পর্যায়ে আমি অসুস্থ হয়ে পড়ি। এবং সরকারি ডাক্তার ও সিভিল সার্জনের পরামর্শক্রমে আমাকে হাসপাতালে চিকিৎসা নিতে হয়েছে।

“তবে আমি বিভিন্ন গণমাধ্যমে দেখতে পাচ্ছি যেভাবে প্রচার করা হচ্ছে একটি মিথ্যা সংবাদ যে, আমি পদত্যাগ করেছি। এবং ভবিষ্যতে কখনো চুয়েট ক্যাম্পাসে পদার্পন করব না, এমন শর্তে শিক্ষার্থীরা আমাকে বের হতে দিয়েছেন-এরকম কোন বক্তব্য বা বিবৃতি আমি দিইনি।”

উপাচার্য বলেন, “আপনারা জেনে থাকবেন, যখন আমাকে নিয়ে আসা হচ্ছিল তখন আসলে আমি কথা বলার মত কোন অবস্থায় ছিলাম না। অসুস্থতার কারণেই আমি ক্যাম্পাস ছেড়েছিলাম। এখনো আমি অসুস্থ এবং চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে আছি। সুস্থ হয়ে আমি আবারও বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পালন করব, ইনশাআল্লাহ।”

তার বক্তব্য না নিয়েই এ ধরনের ‘অসত্য ও ভিত্তিহীন তথ্য’ প্রকাশ অত্যন্ত দুঃখজনক ও অনভিপ্রেত বলে অভিহিত করেন শেখ শরীফুল আলম।

তাহলে আবার কখন ক্যাম্পাসে ফিরবেন জানতে চাইলে সরাসরি উত্তর না দিয়ে তিনি বলেন, “কোনো ব্যক্তিগত স্বার্থ, বিশেষ কোনো এজেন্ডা বাস্তবায়ন কিংবা দলীয় বা স্বার্থসংশ্লিষ্ট কোনো উদ্দেশ্য নিয়ে আমি এখানে আসিনি। রাষ্ট্র আমাকে যে দায়িত্ব দিয়েছে, আমি সেই অর্পিত দায়িত্ব পালন করতেই চট্টগ্রামে এসেছি।

“বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পালন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে প্রাতিষ্ঠানিক কার্যক্রম সচল রাখার বিষয়টি আমার কাছে গুরুত্বপূর্ণ।”

আন্দোলনরত শিক্ষার্থীদের আন্দোলনের প্রতি ‘শ্রদ্ধা ও সম্মান’ আছে জানিয়ে তিনি বলেন, “আমি এই বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী। চুয়েট নিয়ে আমারও আবেগ আছে। আমাকে তো তারা একদিনও দেখেনি। যদি ছয় মাস দায়িত্ব পালনের পর আমার বিরুদ্ধে কোন অনিয়ম, ব্যর্থতা বা দুর্নীতির অভিযোগ উঠত তাহলে আন্দোলন করলে যৌক্তিকতা ছিল। হয়ত কোন স্বার্থান্বেষী মহলের দ্বারা তারা মিসগাইডেড হচ্ছে। “কুয়েট এ আমি প্রোভিসি ছিলাম। সেখানে একাধিক তদন্ত কমিটি হয়েছে। কোন নেগেটিভ বিষয় তারা পায়নি। সবকিছু ইতিবাচক বলেই সরকার আমাকে চুয়েটে দায়িত্ব দিয়েছে। সরকারের উচ্চ পর্যায়ের সাথে যোগাযোগ হয়েছে।”

সুস্থ হয়ে সংবাদ সম্মেলন করে চুয়েট বিষয়ে পরবর্তী কর্ম পরিকল্পনা জানাবেন বলে মন্তব্য করেন উপাচার্য অধ্যাপক শেখ শরীফুল আলম।

চুয়েটে দায়িত্ব গ্রহণের মাত্র ৫৬ দিনের মাথায় গত ২১ সেপ্টেম্বর অধ্যাপক আবু সাদাত মুহাম্মদ সায়েমকে উপাচার্য পদ থেকে অপসারণ করা হয়। একই দিন শেখ শরীফুল আলমকে নতুন উপাচার্য করে প্রজ্ঞাপন জারি হয়। এ সিদ্ধান্তের প্রতিবাদে ওই রাতেই প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেন শিক্ষার্থীরা।

পরদিন ২২ সেপ্টেম্বর থেকে ক্লাস-পরীক্ষা বর্জন করে সর্বাত্মক শাটডাউন কর্মসূচি পালন করে আসছেন শিক্ষার্থীরা। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা সাবেক উপাচার্য অধ্যাপক আবু সাদাত মুহাম্মদ সায়েমকে পুনর্বহালের দাবিতে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করছেন। সব মিলিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমে অচলাবস্থা চলছে।

ইমরান খানের ঘাঁটিতে জরুরি অবস্থা পাকিস্তানের পদক্ষেপে উল্টো বিপদের ঝুঁকি

আন্তর্জাতিক ডেস্ক

সড়কে কনটেইনারের ব্যারিকেড, শহরজুড়ে সেনাটহল আর বিরোধী নেতাকর্মীদের ওপর সাঁড়াশি অভিযানের মধ্যে কারাবন্দি সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) রাজনৈতিক দুর্গ হিসেবে পরিচিত খাইবার পাখতুনখোয়ায় জরুরি অবস্থা জারি করেছে কেন্দ্রীয় সরকার। এর মাধ্যমে স্থগিত করা হয়েছে দীর্ঘ ১৩ বছর ধরে ক্ষমতায় থাকা পিটিআইয়ের প্রাদেশিক সরকারও। বিবিসি লিখেছে, রোববার জরুরি অবস্থা জারির পর শুরুতে স্কুল বন্ধ ও ইন্টারনেট বিচ্ছিন্ন করা হলেও দুদিনের মাথায় তা সচল হয়। তবে পিটিআই নেতাদের ধরতে সাঁড়াশি অভিযান অব্যাহত রেখেছে পুলিশ। মঙ্গলবারও খাইবার জেলায় দলটির কর্মীদের ওপর টিয়ার গ্যাস নিক্ষেপ করা হয়েছে। আটক হয়েছেন বিক্ষোভের নেতৃত্ব দেওয়া প্রাদেশিক মুখ্যমন্ত্রী সোহেল আফ্রিদি। পিটিআইয়ের দাবি, মুখ্যমন্ত্রীকে গ্রেপ্তার করা হয়েছে; তবে সরকারের দাবি, তিনি ‘নিরাপত্তা হেফাজতে’ আছেন।

পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের দাবি, ‘সন্ত্রাসবাদের মারাত্মক হুমকি থেকে’ জনগণকে রক্ষা করতেই সাংবিধানিক এইপদক্ষেপ নেওয়া হয়েছে।

তথ্যমন্ত্রী আতা তারার অভিযোগ করেন, পিটিআইয়ের প্রাদেশিক সরকার ‘জঙ্গিদের সঙ্গে যোগসাজশে’ লিপ্ত ছিল। তবে এর কোনো প্রমাণ তিনি দেখাননি।

তিনি দাবি করেন, জরুরি অবস্থা জারির পেছনে কোনো রাজনৈতিক উদ্দেশ্য নেই এবং সরকার আগেই পিটিআইয়ের সঙ্গে আলোচনার চেষ্টা করেছিল।

তবে রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, কেন্দ্রীয় সরকারের এই পদক্ষেপের নেপথ্যে রয়েছে সাম্প্রতিক তীব্র চাপ ও বিক্ষোভ।

তিন বছরের বেশি সময় ধরে কারাবন্দি ইমরান খানের সঙ্গে গত এক বছরে পরিবার বা আইনজীবীদের কাউকেই দেখা করতে দেওয়া হয়নি।

সুপ্রিম কোর্ট উদ্বেগ জানানোর পর গত অগাস্টে এক বোন কারাগারে ও অন্য বোন হাসপাতালে চেকআপের সময় দেখা করতে পেরেছিলেন। এর বাইরে আর কাউকে সুযোগ দেওয়া হয়নি। এর মধ্যে কর্মীদের সংগঠিত করার অভিযোগে সেপ্টেম্বরে ইমরানের তিন বোনকে গ্রেপ্তার করা হয়, তারা এখনো বন্দি।

সরকারের অভিযোগ, সাক্ষাতের সুযোগ নিয়ে ইমরান রাজনীতির আলোচনা করে জেল কোড ভাঙছিলেন।

নেতার মুক্তি ও তার স্বাস্থ্য নিয়ে উদ্বেগ থেকে গত এক সপ্তাহ ধরে খাইবার পাখতুনখোয়াজুড়ে হাজার হাজার সমর্থক নিয়ে বড় আকারে ‘লং মার্চ’ শুরু করেছিল পিটিআই।

আটলান্টিক কাউন্সিলের জ্যেষ্ঠ ফেলো মাইকেল কুগেলম্যান বলেন, তৃণমূলের পুঞ্জীভূত ক্ষোভের মুখে সরকারের ওপর চাপ তৈরির পথ বন্ধ করতেই জরুরি অবস্থার মত কঠোর পদক্ষেপ নেওয়া হয়েছে। ইসলামাবাদভিত্তিক প্রতিরক্ষা বিশ্লেষক জাহিদ হুসেন বলেন, ক্ষমতার ভারসাম্য এখন পুরোপুরি সেনাবাহিনীর দিকে হেলে পড়েছে।

চ্যাথাম হাউজের ফারজানা শেখের মতে, যুক্তরাষ্ট্র-ইরান শান্তি আলোচনায় ভূমিকা রেখে আন্তর্জাতিক ভাবমূর্তি বাড়ায় পাকিস্তানের সামরিক বাহিনী এখন আত্মবিশ্বাসী যে তারা বৈশ্বিক চাপ অনায়াসেই সামাল দিতে পারবে। তবে বিশেষজ্ঞরা সতর্ক করছেন, সরকারের ওই সিদ্ধান্ত বুমেরাং হতে পারে। ২০২৬ সালের ‘গ্লোবাল টেররিজম ইনডেক্স’-এ সন্ত্রাসে সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় শীর্ষে রয়েছে পাকিস্তান। এর মধ্যে জঙ্গি আস্তানা থাকার অভিযোগে প্রতিবেশী আফগানিস্তানে দফায় দফায় বিমান হামলা চালাচ্ছে ইসলামাবাদ, যদিও কাবুল ওই অভিযোগ অস্বীকার করে আসছে। অন্যদিকে ভারতের সঙ্গে সীমান্তে বৈরিতা এবং মধ্যপ্রাচ্যে হুতিদের বিরুদ্ধে প্রতিরক্ষায় সৌদি আরবকে সহায়তার প্রতিশ্রুতি দিয়ে পাকিস্তান আগেই বহুমুখী আঞ্চলিক সংঘাতে জড়িয়ে রয়েছে। এমন নাজুক পরিস্থিতিতে দেশের ভেতরে নতুন সংকট তৈরি করাকে ‘আগুন নিয়ে খেলা’ হিসেবে দেখছেন কুগেলম্যান। তিনি বলছেন, প্রাদেশিক সরকার না থাকায় স্থানীয়দের সব ক্ষোভের তীর এখন সরাসরি কেন্দ্রের দিকে যাবে।

এছাড়া নতুন করে সামরিক অভিযান চালালে সেনাদের বড় প্রাণহানি খোদ সামরিক বাহিনীর ভেতরেও ক্ষোভের জন্ম দিতে পারে।

বিশ্লেষক আরিফা নূরের ভাষায়, জেনে-বুঝেই এক আত্মঘাতী রাজনৈতিক সংকটের গহ্বরে পা বাড়াচ্ছে উভয় পক্ষ।